# দক্ষিণ এশিয়ার ভূ-রাজনীতি
## Geopolitics Of South Asia







| সীমারেখা | যাদের বিভক্ত করে |
|---|---|
| ম্যাকমোহন লাইন (McMahon Line) | ভারত (অরুণাচল) ও চীন (তিব্বত) |
| নিয়ন্ত্রণ রেখা (Line of Control) | ভারত ও পাকিস্তান (কাশ্মীরে) |
| প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (Line of Actual Control) | ভারত ও চীন (কাশ্মীরে) |

Scanned with CamScanner

**কাশ্মীর**

**পাক-ভারত যুদ্ধ (১৯৪৭ - ৪৮ খ্রি.):** ভারত বিভক্তির সময় কাশ্মীর ছিল হিন্দুরাজা শাসিত মুসলিম সংখ্যাগরিষ্ঠ একটি করদ রাজ্য। ভারতের স্বাধীনতা আইন, ১৯৪৭ এ বলা ছিল, কাশ্মীর তার ইচ্ছে অনুযায়ী ভারত অথবা পাকিস্তান - যে কোনো রাষ্ট্রেই যোগ দিতে পারবে। কাশ্মীরের তৎকালীন হিন্দু মহারাজা হরি সিং চেয়েছিলেন স্বাধীন থাকতে অথবা ভারতের সাথে যোগ দিতে। অন্যদিকে কাশ্মীরের মুসলিম জনগোষ্ঠী চেয়েছিল পাকিস্তানের সাথে যোগ দিতে। কাশ্মীরি মুসলিমদের সাহায্যে এগিয়ে আসে পাকিস্তানের উপজাতি সম্প্রদায়।


কাশ্মীরের শেষ রাজা হরি সিং

পাকিস্তানের পাশতুন উপজাতীয় বাহিনীগুলোর আক্রমণের মুখে ১৯৪৭ সালের ২৬ অক্টোবর হরি সিং ভারতভুক্তির চুক্তিতে স্বাক্ষর করে। ভারতীয় সেনারা কাশ্মীরে প্রবেশ করে। শুরু হয় পাক-ভারত যুদ্ধ। পরে জাতিসংঘের হস্তক্ষেপে ঘোষিত হয় যুদ্ধবিরতি। ১৯৪৯-এ জাতিসংঘের যুদ্ধবিরতি রেখা, ১৯৭২-এ সিমলা চুক্তির পর নিয়ন্ত্রণ রেখা (Line of Control - LoC) এ পরিণত হয়। কাশ্মীর পাকিস্তান ও ভারত নিয়ন্ত্রিত দুই অংশে ভাগ হয়ে যায়।

**চীন-ভারত যুদ্ধ (১৯৬২):** ৩টি কারণে এই যুদ্ধ সংঘটিত হয়। যথা-

- আকসাই-চীন তিব্বত ও চীনের জিনজিয়াং এর মাঝে অবস্থিত একটি সুউচ্চ মরুভূমি। আকসাই চীন এবং কাশ্মীরের লাদাখ অংশ বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ। ১৮৬৫ সালে 'জনসন লাইন' এর মাধ্যমে আকসাই-চীনকে লাদাখের অন্তর্ভুক্ত করা হয়। চীন জনসন লাইনকে কখনও স্বীকৃতি দেয়নি এবং স্বভাবতই আকসাই-চীনকে ভারতের অংশ হিসেবে মেনে নেয় নি।
- ১৯১৪ সালে ম্যাকমোহন লাইন (McMahon Line) এর মাধ্যমে ভারতের অরুণাচল প্রদেশ ও তিব্বতের মধ্যে সীমানা টানা হয়। এতে অরুণাচল ভারতের অন্তর্ভুক্ত হয়। চীন ম্যাকমোহন লাইন মেনে নিতে অস্বীকৃতি জানায় এবং অরুণাচল প্রদেশকে দক্ষিণ তিব্বত হিসেবে মনে করে।
- চীন তিব্বতের স্বাধীন অস্তিত্ব কোনো দিন স্বীকার করেনি। ১৯৫১ সালে চীন তিব্বত উপত্যকা অধিগ্রহণ করে। ১৯৫৯ সালে তিব্বতের সর্বোচ্চ ধর্মীয় নেতা চতুর্দশ দালাই লামা (প্রকৃত নাম: তেনজিন গিয়াতসো) চৈনিক শাসনযন্ত্রের বিরুদ্ধে এক ব্যর্থ অভ্যুত্থানের পর ভারতে আশ্রয় গ্রহণ করেন এবং সেখানে রাজনৈতিক আশ্রয় লাভ করেন। এতে ভারতের ওপর প্রচণ্ড ক্ষুব্ধ হয় চীন।

১৯৬২ সালে ভারত আক্রমণ করে চীন। আকসাই-চীন ও অরুণাচলে ঢুকে পড়ে চীনা People`s Liberation Army। যুদ্ধে চীন জয়ী হয়ে একতরফা যুদ্ধবিরতি ঘোষণা করে। আকসাই-চীন দখলে রাখে কিন্তু অরুণাচল ভারতকে ফিরিয়ে দেয়। আকসাই চীন আর লাদাখের মধ্যবর্তী গালওয়ান উপত্যকা ও প্যাংগং লেকে নির্ধারিত হয় দুই দেশের প্রকৃত নিয়ন্ত্রণরেখা (Line of Actual Control)। এ সময় পাকিস্তান চীনের সঙ্গে মিত্রতা বাড়াতে সচেষ্ট হয়। ১৯৬৩ সালে কাশ্মীরের ট্রান্স-কারাকোরাম অঞ্চলটি চীনের হাতে ছেড়ে দেয় পাকিস্তান।

**পাক-ভারত যুদ্ধ (১৯৬৫):** ভারত-পাকিস্তান আবারো কাশ্মীর সংঘাতে জড়িয়ে পড়ে। অতঃপর জাতিসংঘের হস্তক্ষেপে উভয় পক্ষের যুদ্ধবিরতি যুদ্ধবিরতি ঘটে। সোভিয়েত প্রধানমন্ত্রী কোসিগিনের আমন্ত্রণে ভারতের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী ও পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান ১৯৬৬ সালের ১০ জানুয়ারি সোভিয়েত উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে একটি শান্তি চুক্তি (তাসখন্দ চুক্তি) সই করেন।

**চীন-ভারত যুদ্ধ (১৯৬৭):** নাথু লা পাস ফ্রন্টে ভারত ও চীনের মধ্যে মৃদু সংঘর্ষ হয়। নাথু লা পাস গিরিপথটি সিকিম (ভারত) ও তিব্বত (চীন) সীমান্তে অবস্থিত।

**সিয়াচেন দ্বন্দ্ব:** ১৯৮৪ সালে ভারত সিয়াচেন হিমবাহ এলাকার নিয়ন্ত্রণ দখল করে - যা নিয়ন্ত্রণরেখা দিয়ে চিহ্নিত নয়।

**JKLF এর উত্থান:** কাশ্মীরে বিদ্রোহী তৎপরতা বড় আকারে শুরু হয় ১৯৮৭ সালে বিতর্কিত স্থানীয় নির্বাচনের পর JKLF (Jammu Kashmir Liberation Front) নামে সংগঠনের উত্থানের মধ্যে দিয়ে।

**কারগিল সংকট (১৯৯৯):** পাকিস্তানি সেনা এবং জঙ্গিরা নিয়ন্ত্রণ রেখা পেরিয়ে কার্গিল পর্বতে ভারতের একটি সামরিক চৌকি দখল করে নেয়। ভারত বিমান এবং সেনা অভিযান শুরু করার পর দখলকারীরা পিছু হটে যায়।

**মুম্বাই জঙ্গি হামলা (২০০৮):** ভারতের মহারাষ্ট্র রাজ্যের রাজধানী মুম্বাইয়ের প্রধান রেলওয়ে স্টেশন, বিলাসবহুল একটি হোটেল এবং একটি ইহুদি সাংস্কৃতিক কেন্দ্রে ভয়াবহ সন্ত্রাসী হামলা চালায় পাকিস্তানভিত্তিক জঙ্গি সংগঠন লস্কর-ই-তৈয়বা।

**ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের বিশেষ মর্যাদা রদ (২০১৯):** ভারতীয় সংবিধানের ৩৭০ ও ৩৫এ অনুচ্ছেদের অধীনে জম্মু ও কাশ্মীর বিশেষ রাজ্যের মর্যাদা ভোগ করতো। প্রতিরক্ষা, বৈদেশিক সম্পর্ক ও যোগাযোগ ছাড়া অন্য কোনো বিষয়ে কেন্দ্রীয় সরকার কাশ্মীরে হস্তক্ষেপ করতে পারতো না। ভারতীয় জনতা পার্টি (বিজেপি) কাশ্মীরের বিশেষ মর্যাদার ঘোর বিরোধী ছিল। ২০১৯ সালের ৫ আগস্ট, বিজেপি সরকার জম্মু ও কাশ্মীর রাজ্যের বিশেষ মর্যাদা রদ করে রাজ্যটিকে ভেঙে কেন্দ্রশাসিত দুটি অঞ্চল জম্মু ও কাশ্মীর এবং লাদাখে বিভক্ত করে।

কাশ্মীরের নিয়ন্ত্রণ বর্তমানে ভারত, পাকিস্তান ও চীন - এই তিন দেশের মধ্যে ভাগ হয়ে গেছে। ভারতের নিয়ন্ত্রণে রয়েছে জম্মু-কাশ্মীর উপত্যকা, লাদাখ এবং সিয়াচেন হিমবাহ, পাকিস্তানের অধীনে রয়েছে আজাদ কাশ্মীর ও গিলগিট-বালতিস্তান এবং চীনের নিয়ন্ত্রণে রয়েছে আকসাই-চীন এবং ট্রান্স কারাকোরাম ট্রাক্ট।

Scanned with CamScanner

## ডোকলাম উপত্যকা

চীন-ভুটান-ভারত সীমান্তে অবস্থিত ডোকালাম উপত্যকার ওপর চীন এবং ভুটান দুপক্ষই নিজেদের অধিকার দাবি করে আসছে। ভারত ডোকলাম অঞ্চলটিকে নিজেদের বলে দাবি করেনি, কিন্তু ভুটানের দাবিকে সমর্থন করে। ২০১৭ সালে এই বিতর্কিত অঞ্চলে চীন একটি সড়ক নির্মাণ শুরু করলে ভুটান আপত্তি জানায়। ভুটানের অনুরোধে সেখানে সেনা পাঠায় ভারত সরকার। ভারতের সঙ্গে উত্তেজনা শুরু হয় চীনের। শেষ পর্যন্ত দীর্ঘ আলোচনার পর উত্তেজনা প্রশমিত হয়।

## কালাপানি




১৮১৬ সালে তৎকালীন ব্রিটিশ ভারত এবং নেপালের মধ্যে একটি চুক্তি হয় যেখানে কালি নদীকে নেপালের অংশ বলে স্বীকার করা হয়। কিন্তু পরবর্তীতে ব্রিটিশ জরিপকারীদের দ্বারা অঙ্কিত ম্যাপে নদীটির সীমানাকে আলাদা করে দেখানো হয়। ব্রিটিশদের এই দ্বান্দ্বিক বিভাজনের কারণেই বর্তমানে ভারত ও নেপালের মাঝে কালাপানি নিয়ে সমস্যা সৃষ্টি হয়েছে।

## MCQ Solution

১. ১৯৪৭ সালে ব্রিটিশ বিতাড়নকালে কাশ্মীর ছিল- [সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের সিনিয়র অফিসার: ০০]
ⓚ মুসলিম সংখ্যাগরিষ্ঠ
ⓚ হিন্দু রাজা শাসিত
ⓖ একটি করদ রাজ্য
ⓖ সবগুলোই সত্য
উত্তর: ঘ

২. কাশ্মীরের সর্বশেষ মহারাজা কে ছিলেন? [নির্বাচন কমিশন সচিবালয়ে প্রশাসনিক কর্মকর্তা ও পার্সোনাল অফিসার: ০৪]
ⓚ গোলাপ সিং ⓚ হরি সিং
ⓖ কিরণ সিং ⓖ রণজিৎ সিং উত্তর: খ

৩. 'লাইন অব কন্ট্রোল' (Line of Control) কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখা? [২৪তম বিসিএস]
ⓚ চীন ও তাইওয়ান ⓚ দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া
ⓖ ভারত ও পাকিস্তান ⓖ ইসরাইল ও জর্ডান উত্তর: গ

৪. LoC বলতে কী বোঝায়? [২৫তম বিসিএস (লিখিত)]
উত্তর: Line of Control.

৫. 'লাইন অব এ্যাকচুয়াল কন্ট্রোল' কোন দু'টি দেশের সীমানা বিভাগকারী রেখা? [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ ভারত ও পাকিস্তান ⓚ ইসরায়েল ও লেবানন
ⓖ চীন ও ভারত ⓖ ফ্রান্স ও জার্মানি উত্তর: গ

৬. 'ম্যাকমোহন লাইন' (McMahon Line) কোন কোন দেশের সীমানা নির্ধারণ করে? [২৩তম বিসিএস]
ⓚ ভারত-নেপাল ⓚ পাকিস্তান-আফগানিস্তান
ⓖ ভারত-পাকিস্তান ⓖ ভারত-চীন উত্তর: ঘ

৭. ভারতের কোন রাজ্য নিয়ে চীনের সাথে বিরোধ রয়েছে? [ববিপ্রবি (ই ইউনিট): ১৯-২০]
ⓚ মিজোরাম ⓚ অরুণাচল
ⓖ উত্তর প্রদেশ ⓖ মেঘালয় উত্তর: খ

৮. তিব্বত একটি - [৪৫তম বিসিএস]
ⓚ উপত্যকা ⓚ উপদ্বীপ
ⓖ দ্বীপ ⓖ মরুভূমি উত্তর: ক

৯. তিব্বতের ধর্মীয় নেতাকে বলা হয়- [অগ্রণী ব্যাংক লি. সিনিয়র অফিসার: ১৫]
ⓚ পোপ ⓚ ভিক্ষু
ⓖ দালাই লামা ⓖ কনফুসিয়াস উত্তর: গ

১০. দালাই লামা কোন দেশের নাগরিক? [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল): ০৭]
ⓚ ভারত ⓚ চীন
ⓖ মঙ্গোলিয়া ⓖ তিব্বত উত্তর: ঘ

১১. তেনজিন গিয়াতসো কোন নামে অধিক পরিচিত? [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ শেরপা তেনজিং ⓚ অশো
ⓖ পঞ্চেন লামা ⓖ দালাই লামা উত্তর: ঘ

১২. 'লাদাখ' কোথায় অবস্থিত? [বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ⓚ পাকিস্তান ⓚ ভারত
ⓖ চীন ⓖ আফগানিস্তান উত্তর: খ

১৩. ভারতীয় কাশ্মীরের কোন অংশে বৌদ্ধরা সংখ্যাগরিষ্ঠ? [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ⓚ লাদাখ ⓚ জম্মু
ⓖ শ্রীনগর ⓖ আকসাই চীন উত্তর: ক

১৪. চীন ভারত যুদ্ধ কত সালে সংঘটিত হয়? [৪৫তম বিসিএস]
ⓚ ১৯৫২ ⓚ ১৯৬০
ⓖ ১৯৬২ ⓖ ১৯৬৩ উত্তর: গ

Scanned with CamScanner

১৫. আকসাই চীন মহাসড়ক কোথায় অবস্থিত? [থানা সমাজসেবা অফিসার: ৯৯]
ⓚ তিব্বত ⓚ কাশ্মীর
ⓖ সিকিম ⓖ নেপাল উত্তর: খ

১৬. ভারত নিয়ন্ত্রিত কাশ্মীর কোনটি? [শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে উপসহকারী প্রকৌশলী (ড্রাফটম্যান): ২২]
ⓚ আজাদ কাশ্মীর ⓚ জম্মু-কাশ্মীর ও লাদাখ
ⓖ গিলগিট ও বালটিস্থান ⓖ কাশ্মীর উত্তর: খ

১৭. নাথু লা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে? [৪৩তম বিসিএস]
ⓚ ভারত-নেপাল ⓚ ভারত-পাকিস্তান
ⓖ ভারত-চীন ⓖ ভারত-ভুটান উত্তর: গ

১৮. প্যাংগং লেক নিয়ে কোন কোন দেশের মধ্যে বিরোধ আছে? [বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ এর অফিস সহকারী: ২১]
উত্তর: ভারত - চীন।

১৯. সিয়াচেন হিমবাহ (Siachen Glaciar) কোন দুইটি দেশের মধ্যে অবস্থিত? [৪৬তম বিসিএস]
ⓚ ভারত ও চীন ⓚ নেপাল ও চীন
ⓖ পাকিস্তান ও চীন ⓖ ভারত ও পাকিস্তান উত্তর: ঘ

২০. সিয়াচেন হিমবাহ কোথায় অবস্থিত? [মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি সহকারী পরিচালক: ২৩]
ⓚ কাঠমান্ডু ⓚ কাশ্মীর
ⓖ ভুটান ⓖ হিমাচল উত্তর: খ

২১. 'তাসখন্দ চুক্তি' কখন স্বাক্ষরিত হয়? [১৪তম বিসিএস]
ⓚ ১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর
ⓚ ১৯৬৫ সালের ১০ ডিসেম্বর
ⓖ ১৯৬৬ সালের ১০ জানুয়ারি
ⓖ ১৯৬৬ সালের ৩০ জানুয়ারি উত্তর: গ

২২. তাসখন্দ চুক্তি কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়? [৪৪তম বিসিএস]
ⓚ পাকিস্তান ও ভারত
ⓚ ভারত ও আফগানিস্তান
ⓖ পাকিস্তান ও আফগানিস্তান
ⓖ আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন উত্তর: ক

২৩. তাসখন্দ ঘোষণায় স্বাক্ষরকারী ভারতীয় প্রধানমন্ত্রী কে ছিলেন? [জবি (ঘ ইউনিট): ০৬-০৭]
ⓚ জওহরলাল নেহেরু
ⓚ লাল বাহাদুর শাস্ত্রী
ⓖ মোরারজি দেশাই
ⓖ ইন্দিরা গান্ধী
উত্তর: খ

২৪. 'টাইগার হিল' কোথায়? [সিজিএ এর কার্যালয়ে অডিটর: ২১]
ⓚ নেপালে ⓚ দার্জিলিংয়ে
ⓖ জেরুজালেম ⓖ কাশ্মীরে উত্তর: ঘ
ব্যাখ্যা: 'টাইগার হিল' নামে দার্জিলিং-এও একটি দর্শনীয় স্থান রয়েছে।

২৫. **Which militant organization is blamed for the 2008 Indian city of Mumbai attack?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash): 14]
ⓐ Al Qaeda
ⓑ Lashkar-e-Taiba
ⓒ Tehreek-Taliban
ⓓ Lashkar-e-Jabbar **Ans. b**

২৬. ভারতীয় সংবিধানের কততম ধারা অনুসারে ভারত শাসিত জম্মু ও কাশ্মীর বিশেষ মর্যাদা ভোগ করত? [যবিপ্রবি (ডি ইউনিট): ১৯-২০]
ⓚ ৪৭০ ⓚ ৩৩৫
ⓖ ১৭০ ⓖ ৩৭০ উত্তর: ঘ

২৭. সম্প্রতি ভারতীয় সংবিধানে অনুচ্ছেদ ৩৭০ ও ৩৫ (ক) ধারা বিলুপ্তির পাশাপাশি জম্মু ও কাশ্মীরকে কোন কোন অংশে বিভক্ত করা হয়? [কুবি (সি ইউনিট): ১৯-২০]
ⓚ জম্মু ও কাশ্মীর
ⓚ কাশ্মীর ও লাদাখ
ⓖ লাদাখ ও কারগিল
ⓖ জম্মু-কাশ্মীর ও লাদাখ-কারগিল উত্তর: ঘ

২৮. ডোকলাম ত্রিমুখী সীমান্ত সংযুক্ত করেছে - [চবি (বি-ইউনিট) : ২৪-২৫/ বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের জুনিয়র ইন্সট্রাক্টর: ২০]
ⓚ চীন, ভারত ও ভুটান
ⓚ ভারত, চীন ও নেপাল
ⓖ চীন, ভারত ও পাকিস্তান
ⓖ আফগানিস্তান, ভারত ও চীন উত্তর: ক

২৯. 'কালাপানি' একটি - [খুবি (খ ইউনিট): ১৭-১৮]
ⓚ অমীমাংসিত ভূখণ্ড
ⓚ ভারতীয় সাবমেরিন
ⓖ নিরাময় অযোগ্য ব্যাধি
ⓖ কৃষ্ণসাগরে অবস্থিত দ্বীপ উত্তর: ক

৩০. 'কালাপানি' কোন দুই রাষ্ট্রের মধ্যে অমীমাংসিত ভূখণ্ড? [৩৭তম বিসিএস/ ডেসকো'র এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: ২৩]
ⓚ ভারত ও নেপাল ⓚ বাংলাদেশ ও ভারত
ⓖ ভুটান ও ভারত ⓖ পাকিস্তান ও চীন উত্তর: ক

Scanned with CamScanner

# আন্তর্জাতিক সম্পর্ক
International Relations

## আন্তর্জাতিক সম্পর্ক

আন্তর্জাতিক সম্পর্ক বলতে এমন একটি শাস্ত্রকে বুঝায় যা বিভিন্ন রাষ্ট্রের মধ্যকার রাজনৈতিক, অর্থনৈতিক, সামরিক, কূটনৈতিক, আইনগত, সাংস্কৃতিক ইত্যাদি সকল প্রকার সরকারি ও বেসরকারি সম্পর্ক নিয়ে আলোচনা করে। আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে মূলতঃ যে তত্ত্বগুলি গুরুত্ব পেয়েছে সেগুলি হলো বাস্তববাদ, উদারতাবাদ, গঠনবাদ, সমাজতন্ত্রবাদ।

## বাস্তববাদ (Realism)

বাস্তববাদ আদর্শ বা নৈতিকতার নিরীখে নয় ববং ক্ষমতার দৃষ্টিকোণ থেকে আন্তর্জাতিক সম্পর্কের গতিপ্রকৃতি ব্যাখ্যা করে। প্রাচীন ভারতীয় চিন্তাবিদ কৌটিল্য, গ্রিক দার্শনিক থুসিডাইডিডস, ইটালীয় চিন্তাবিদ নিকোলো ম্যাকিয়াভেলি, ইংরেজ দার্শনিক টমাস হবস, ফরাসি দার্শনিক রুশোর বক্তব্যে বাস্তববাদের ধারণা প্রতিফলিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর বিশ্বে বাস্তববাদী দৃষ্টিভঙ্গির পুনরুজ্জীবন ঘটে। বাস্তববাদের মূল বৈশিষ্ট্যগুলো হলো-

- **রাষ্ট্রকেন্দ্রিকতা** (State-centrism) : রাষ্ট্রই আন্তর্জাতিক রাজনীতির প্রধান কর্তা।
- **নৈরাজ্য** (Anarchy) শব্দটির অর্থ হলো কেন্দ্রীয় কর্তৃত্বের অনুপস্থিতি। বর্তমান বিশ্ব ব্যবস্থা পুরোটাই নৈরাজ্যমূলক। কেননা প্রকৃত কর্তৃত্বকারী বিশ্ব সরকারের অস্তিত্ব নেই।
- **আত্মবাদ** (Egoism) : রাষ্ট্র নৈতিকতা, আদর্শ ইত্যাদি বিষয়াবলীকে গুরুত্ব না দিয়ে শুধুমাত্র ও যেকোন উপায়ে জাতীয় স্বার্থ কায়েম করতে মনোযোগী হয়। নিজেদের অভীষ্টপূরণের জন্য রাষ্ট্রসমূহ সম্পদ বৃদ্ধির চেষ্টা করে। বাস্তববাদীরা বিশ্বাস করে, পুরো পৃথিবীর সম্পদ জিরো সাম। এক দেশ কিছু অর্জন করলে অপর দেশকে অবশ্যই সেই অংশটুকুর লোকসান করতে হয়। জিরোসাম গেম (Zero-Sum Game) বলতে এমন একটি অবস্থাকে বুঝানো হয় এক দল জিতলে অন্য দলকে অবশ্যই হারতে হবে অর্থাৎ একই সাথে দু'দলই জিততে বা হারতে পারবে না।
- **ক্ষমতার রাজনীতি** (Power politics) : আন্তর্জাতিক রাজনীতি হচ্ছে স্বার্থপর রাষ্ট্রসমূহের মধ্যে ক্ষমতার দ্বন্দ্ব। প্রত্যেকটি রাষ্ট্রই ক্ষমতা চায় যাতে তারা আত্ম-সুরক্ষা নিশ্চিত করতে পারে। একটি রাষ্ট্র অন্যের চেয়ে অনেক বেশি শক্তিশালী হয়ে উঠলে শক্তিশালী রাষ্ট্র সুবিধাটি গ্রহণ করে এবং দুর্বল প্রতিবেশিকে আক্রমণ করে। প্রতিদ্বন্দ্বী দেশগুলোর শক্তি বা ক্ষমতা নিয়ন্ত্রণের একটি রাজনৈতিক বা সামরিক কৌশল শক্তিসাম্য বা ক্ষমতার ভারসাম্য (Balance of Power)। শক্তিসাম্য বজায় রাখতে বেশ কিছু কৌশল ব্যবহার করা যায়। যেমন- বাফার জোন সৃষ্টি, প্রতিরক্ষা জোট গঠন প্রভৃতি।

## উদারতাবাদ (Liberalism)

উদারতাবাদের মূল প্রতিপাদ্য হলো স্বাধীনতা। ভোটাধিকার, জনগণের মঙ্গল সাধন, ধর্মীয় স্বাধীনতা, সংবাদপত্রের স্বাধীনতা, আইনের শাসন, ন্যায়বিচার প্রভৃতি ধারণার উদ্ভব ঘটেছে এই দর্শনের ওপর ভিত্তি করে। ইংরেজ দার্শনিক জন লককে উদারতাবাদের জনক বলা হয়। উদারতাবাদের মূল বৈশিষ্ট্যগুলো হলো-

- **ব্যক্তি স্বাধীনতা** (Individual liberty) : রাষ্ট্রীয় কর্তৃত্ববাদ এর বিরুদ্ধে ব্যক্তিস্বাধীনতা নীতি প্রতিষ্ঠা করা। রাষ্ট্রের কার্যাবলীকে সীমিত করা হয়।
- **সীমিত সরকার** (Limited government) : ব্যক্তিস্বাধীনতা রক্ষার জন্য সরকারের কাছে প্রয়োজনীয় ক্ষমতা থাকবে কিন্তু একই সাথে সেই ক্ষমতার যাতে অপব্যবহার না হয়, সেটিও প্রতিরোধের ব্যবস্থা থাকবে।
- **মুক্ত-বাজার অর্থনীতি** (Economic freedom) : গ্লাসগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ব্রিটিশ অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথকে অর্থনৈতিক উদারতাবাদের প্রবর্তক বলা হয়। তিনি 'অদৃশ্য হাত' (Invisible Hand) ধারণার প্রবর্তন করেন, যা মুক্তবাজার অর্থনৈতিক ব্যবস্থার ধারণাগুলোর ভিত্তিপ্রস্তর হিসেবে বিবেচিত। অদৃশ্য হাত বলতে মূলত সরকার বা কোনো প্রতিষ্ঠানের খবরদারিকে না করাকে বুঝায়। এ প্রক্রিয়ায় বাজার চাহিদা ও বাজার যোগান দ্বারা উপকরণ ও দ্রব্যসামগ্রীর দাম নির্ধারিত হয়। এক্ষেত্রে দ্রব্যের চাহিদা ও যোগানের উপর এমনকি দ্রব্যের দামের উপর কোনো বাহ্যিক হস্তক্ষেপ থাকবে না। ব্যবসা এবং অর্থনীতিতে সরকারের কোন প্রকার হস্তক্ষেপ না করার নীতিকে অর্থনীতির ভাষায় অবাধনীতি (Laissez-faire) বলে।
- **পুঁজিবাদ** (Capitalism) : ব্যক্তি তার উপার্জিত ধনসম্পদের একচেটিয়া মালিক। রাষ্ট্রিয় বিধি বিধানের মধ্যে থেকে সে অবাধে ধনসম্পদ উপার্জন করতে পারে এবং তার পছন্দমত ক্ষেত্রে ও পন্থায় তা ভোগ-ব্যবহার ও বিনিয়োগ করতে পারে। রাষ্ট্র এ ক্ষেত্রে ব্যক্তির স্বাধীনতা ততদূর পর্যন্তনিশ্চিত করবে যতদূর পর্যন্তভোগ করলে অন্যের অধিকারের সীমায় অনুপ্রবেশ ঘটবে না।
- **গণতন্ত্র** (Democracy) : উদারতাবাদ গণতান্ত্রিক সরকারের একটি বাহক।
- **আদর্শবাদ** (Idealism) : যুদ্ধ ও সংঘর্ষের পরিবর্তে শান্তি ও সহযোগিতার ওপর গুরুত্ব আরোপ করা হয়। আন্তর্জাতিক ক্ষেত্রে প্রত্যেক রাষ্ট্রের মান সমান ধরা হয়। জাতিসমূহের আত্মনিয়ন্ত্রণের অধিকার এবং বহুজাতিভিত্তিক বাস্তবতাকে স্বীকৃতি দান করা হয়।

Scanned with CamScanner

• বহুত্ববাদ (Pluralism) : রাষ্ট্রসমূহের মধ্যকার মিথস্ক্রিয়া কেবল রাজনৈতিক বা নিরাপত্তা সম্পর্কিত বিষয়েই সীমাবদ্ধ নয়, বরং অর্থনৈতিক বা সাংস্কৃতিক বিষয়ের উপরেও নির্ভর করে। তাই অরাষ্ট্রীয় কর্মক (Non State Actor) এর ভূমিকাকে যথেষ্ট গুরুত্ব দেয়া হয়। সুশীল সমাজ, NGO (Non-governmental organization), আন্তর্জাতিক গণমাধ্যম (International media), বহুজাতিক সংস্থা (Multinational Corporation) প্রভৃতি হলো অরাষ্ট্রীয় কর্মক। একটি দেশের সাংস্কৃতিক ও অর্থনৈতিক প্রভাবের মাধ্যমে অন্যান্য দেশকে দিয়ে কিছু করানোর ক্ষমতাই Soft Power। আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মাধ্যমে আন্তর্জাতিক বিবাদের মীমাংসার ওপর গুরুত্বারোপ করা হয়।

### বাস্তববাদ বনাম উদারতাবাদ

• বাস্তববাদ যুদ্ধ বা সংঘাতকে আন্তর্জাতিক সম্পর্কের স্বাভাবিক উপাদান বলে মনে করে। পক্ষান্তরে উদারনীতিবাদ শান্তি ও সহযোগিতার ওপর গুরুত্ব আরোপ করে।

• বাস্তববাদ যেখানে রাষ্ট্রকে আন্তর্জাতিক রাজনীতির মুখ্য কর্মকর্তা বলে মনে করে, উদারনীতিবাদ সেখানে রাষ্ট্র ছাড়াও আন্তঃসরকারী প্রতিষ্ঠান, বেসরকারী প্রতিষ্ঠান বা বহুজাতিক সংস্থাকে আন্তর্জাতিক সম্পর্কের উপাদান হিসাবে স্বীকৃতি দেয়।

## MCQ Solution

১. নৈরাজ্য যে তত্ত্বের মূল উপাদান সেটি হচ্ছে - [৩৮তম বিসিএস]
ⓐ নয়া উদারতাবাদ ⓑ গঠনবাদ
ⓒ বাস্তববাদ ⓓ নব্য মার্কসবাদ **উত্তর: গ**

২. জিরোসাম গেম (Zero-Sum Game) আন্তর্জাতিক সম্পর্কে কোন তত্ত্বের সঙ্গে সংশ্লিষ্ট? [৩৯তম বিসিএস (বিশেষ)]
ⓐ মার্কবাদ ⓑ গঠনবাদ
ⓒ উদারতাবাদ ⓓ বাস্তববাদ **উত্তর: ঘ**

৩. ক্লাসিক্যাল অর্থনীতি, মুক্ত বাজার ও অর্থনৈতিক উদারতাবাদের প্রবর্তক - [বিসিক এর চীফ অডিটর: ২১]
**উত্তর:** অ্যাডাম স্মিথ।

৪. অ্যাডাম স্মিথ কোন দেশের অর্থনীতিবিদ ছিলেন? [ঢাবি (খ ইউনিট):১২-১৩]
ⓐ ব্রিটেন ⓑ যুক্তরাষ্ট্র
ⓒ জার্মানি ⓓ ফ্রান্স **উত্তর: ক**

৫. The economist Adam Smith was a professor of- [Combined 5 Banks Officer (Cash): 22]
ⓐ Oxford University
ⓑ Stirling University
ⓒ Glasgow University
ⓓ Cambridge University **Ans. c**

৬. অর্থনীতিতে অদৃশ্য হাতের প্রবন্ধের প্রবক্তা কে? [BREB সহকারী জেনারেল ম্যানেজার (হিসাব/রাজস্ব) : ২৪]
ⓐ এম রবিন্স ⓑ কৌটিল্য
ⓒ স্যামুয়েলসন ⓓ অ্যাডাম স্মিথ **উত্তর: ঘ**

৭. 'লেইসে ফেয়ার' নীতির প্রবক্তা কে? [ঢাবি (ঘ ইউনিট): ০০-০১]
ⓐ জে এস মিল ⓑ ডেভিড রিকার্ডো
ⓒ অ্যাডাম স্মিথ ⓓ জে এম কিন্‌স **উত্তর: গ**

৮. 'Laissez-faire' বলতে বুঝায় - [ঢাবি (সি ইউনিট): ০৯-১০]
ⓐ উৎপাদনের ক্ষেত্রে সরাসরি নিয়ন্ত্রণ বাড়াতে হবে
ⓑ বাজার নিয়ন্ত্রণে সরকারি হস্তক্ষেপ থাকবে না
ⓒ ভোক্তার স্বাধীনতা থাকবে না
ⓓ কেন্দ্রীয় পরিকল্পনা থাকবে **উত্তর: খ**

৯. 'Laisser faire' means - [RAKUB Supervisor: 15]
ⓐ letting alone ⓑ by the law itself
ⓒ intimate friend ⓓ among other **Ans. a**

১০. লেইস ফেয়ার নীতি নিচের কোনটির সাথে সম্পর্কিত? [১৮তম শিক্ষক নিবন্ধনের সহকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়) : ২৪]
ⓐ মুক্তবাজার ⓑ সমাজতান্ত্রিক
ⓒ খেলাধুলা ⓓ গণতন্ত্র **উত্তর: ক**

১১. আন্তর্জাতিক ক্ষেত্রে প্রত্যেক রাষ্ট্রের মান কত? [ঢাবি (এক ইউনিট): ১০-১১]
ⓐ সমান ⓑ অসমান
ⓒ মানসম্মত ⓓ উচ্চমান **উত্তর: ক**

১২. আন্তর্জাতিক সম্পর্কের কোন তত্ত্বটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের কার্যকরী ভূমিকার বিষয়ে ইতিবাচক ধারণা প্রদান করে? [৪৬তম বিসিএস]
ⓐ উদারবাদ ⓑ বাস্তববাদ
ⓒ মার্ক্সবাদ ⓓ কোনোটিই নয় **উত্তর: ক**

## সমাজতন্ত্রবাদ (Socialism)

সমাজতন্ত্র হলো পুঁজিবাদের বিপরীতধর্মী মতবাদ। এর মূল আবেদন হলো অর্থনীতির ক্ষেত্রে মানুষের মধ্যে সমতা বিধান করা। দ্রব্য উৎপাদনে ব্যক্তিগত মালিকানা থাকবে না। শ্রমজীবী মানুষের কর্তৃত্বে সামাজিক মালিকানার মাধ্যমে উৎপাদন ও বন্টন ব্যবস্থা নিয়ন্ত্রিত হবে। রাষ্ট্র যেহেতু সাধারণের কল্যাণ নিশ্চিত করার দায়িত্ব পালন করবে তাই সবকিছুরই নিয়ন্ত্রক হবে রাষ্ট্র। ইংল্যান্ডের রবার্টওয়েন, ফ্রান্সের চার্লস ফুরিয়ের ও সেন্ট সাইমন প্রমুখ দার্শনিকগণ শোষণহীন সাম্যবাদী আদর্শ শ্রমিক রাজের কল্পনা করেছিলেন। কিন্তু কোন্ পথে বাস্তবে সমাজতন্ত্র প্রতিষ্ঠিত হবে তার কোন প্রকার রূপরেখা প্রদানে ব্যর্থ হন। তাই তাঁরা 'কাল্পনিক সমাজতন্ত্রবাদী' (Utopian socialist) হিসেবে খ্যাত। কার্ল মার্কসের হাতে সমাজতন্ত্র বাস্তব ভিত্তি পেয়েছিল। মার্কসের ভাষায়, "দার্শনিকগণ এতদিন সমাজের ব্যাখ্যাই করেছেন, এখন প্রয়োজন এটা পরিবর্তন করা।"

কার্ল মার্কস



জন্ম : ১৮১৮, জার্মানি
মৃত্যু : ১৮৮৩, লন্ডন

Scanned with CamScanner

মানব মুক্তির প্রকৃত দিশা নির্ধারণে যে দর্শনশাস্ত্র অপারগ, তাকে বিদায় জানানোর আহ্বান জানিয়ে মার্কস রচনা করেন 'দর্শনের দারিদ্র্য' (The Poverty of Philosophy)। দ্বান্দ্বিক বস্তুবাদের ধারার উপর ভিত্তি করে উদ্ভাবন করেন বৈজ্ঞানিক সমাজতন্ত্র মতবাদ। তাঁর এ মতাদর্শ মার্কসবাদ (Marxism) নামে খ্যাত। শ্রমিকদের সঙ্ঘবদ্ধ করার লক্ষ্যে ফ্রিডরিখ এঙ্গেলসের সাথে যৌথভাবে রচনা করেন রাজনৈতিক ঘোষণাপত্র 'কমিউনিস্ট ইশতেহার' (Communist Manifesto)। তাঁরা আহ্বান জানান "Workers of the world, unite!" (দুনিয়ার মজদুর, এক হও!")। মার্কস তৎকালীন ইউরোপীয় সমাজে ধনতান্ত্রিক অর্থনৈতিক শোষণের উপর গবেষণা শুরু করেন এবং এঙ্গেলস-এর সহায়তায় 'Das Kapital' শীর্ষক গ্রন্থ রচনা করেন। ৩ খণ্ডের গ্রন্থটি 'সমাজতন্ত্রের বাইবেল' নামে খ্যাত। মার্কসের উপলব্ধি ছিল, অর্থনৈতিক ব্যবস্থাই হল বুনিয়াদ, তার ওপরেই রাজনৈতিক উপরিকাঠামো দণ্ডায়মান। মার্কসবাদকে মোটামুটি চারটি স্তরে বিভক্ত করা যায়।

- দ্বান্দ্বিক বস্তুবাদ (Dialectical Materialism) : মার্কস তাঁর দ্বান্দ্বিক সূত্রের জন্য জার্মান ভাববাদী দার্শনিক হেগেলের নিকট ঋণী। হেগেল বলেন, সমাজ ও ইতিহাস এগিয়ে যায় ভাবের সাথে ভাবের সংঘাতের ফলে। কিন্তু মার্কসের মতে, ভাব নয় বস্তুই হলো মূল শক্তি। বস্তুগত সংঘাতের ফলেই সমাজ-ইতিহাস এগিয়ে যায়। মার্কসের এ ব্যাখ্যা ঐতিহাসিক বস্তুবাদ (Historical materialism) নামে পরিচিত।
- শ্রেণী সংগ্রাম তত্ত্ব (Class Struggle) : উৎপাদন পদ্ধতি সংস্কৃতিকে নির্ধারণ করে। প্রতিটি উৎপাদন ব্যবস্থার মধ্যেই দুটি পরস্পর বিরোধী শ্রেণীর অস্তিত্ব রয়েছে। একটি শোষক বা ধনিক শ্রেণী এবং অন্যটি শোষিত বা শ্রমজীবী শ্রেণী। পুঁজিপতি ও শ্রমিকশ্রেণী তাদের নিজ নিজ অস্তিত্ব টিকিয়ে রাখার স্বার্থে পরস্পর বিরোধে জড়িয়ে পড়ে। মার্কসের মতে, "মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণি সংগ্রামের ইতিহাস"।
- উদ্বৃত্ত মূল্যতত্ত্ব (Surplus value theory) : পুঁজি হচ্ছে শোষণের হাতিয়ার। পুঁজি হচ্ছে সেই মূল্য যা তার পুঁজিপতিদের উদ্বৃত্ত মূল্য এনে দেয় মজুরি-শ্রম শোষণের মাধ্যমে।
- সাম্যবাদ (Communism)


ভ্লাদিমির লেনিন

**সোভিয়েত ইউনিয়ন প্রতিষ্ঠা :** রুশ নেতা ভ্লাদিমির লেনিন মার্কসবাদে বিশ্বাসী ছিলেন। পুঁজিবাদী দেশগুলির লাগামহীন শোষণ সাম্রাজ্যবাদকে যখন চূড়ান্ত পর্যায়ে পৌঁছে দেয়, তখন লেনিন রচনা করেন তাঁর বিখ্যাত গ্রন্থ Imperialism: Highest stage of Capitalism (1916)। 'রুশ বিপ্লব' (১৯১৭) এর মাধ্যমে লেনিন রাশিয়ায় প্রতিষ্ঠা করেন বিশ্বের প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র 'সোভিয়েত ইউনিয়ন'। ১৯২৪ সালে মৃত্যুর পর থেকে মস্কোর রেড স্কোয়ারের এক সমাধি সৌধে এই বিপ্লবী নেতার মরদেহ মমিকৃত অবস্থায় রাখা আছে।

বিশ্বের প্রথম দেশ হিসেবে অর্থনৈতিক পরিকল্পনার প্রণয়ন করে সোভিয়েত ইউনিয়ন। ১৯২৮ সালে সোভিয়েত কমিউনিস্ট পার্টির নেতা জোসেফ স্ট্যালিন সোভিয়েত ইউনিয়নে পঞ্চবার্ষিকী অর্থনৈতিক পরিকল্পনা বাস্তবায়ন শুরু করেন।

## MCQ Solution

১. **'দার্শনিকগণ এতদিন সমাজের ব্যাখ্যাই করেছেন, এখন প্রয়োজন এটা পরিবর্তন করা।' কে বলেছেন?** [ঢাবি (খ ইউনিট): ১৩-১৪]
ⓚ বালজাক ⓦ এরিস্টটল
ⓖ জাক দেরিদা ⓖh কার্ল মার্কস **উত্তর: ঘ**

২. **সমাজতন্ত্র সম্পর্কিত কার্ল মার্কস এর বিশ্লেষণকে কি নামে অভিহিত করা হয়েছে?** [শাবিপ্রবি (বি ইউনিট): ০২-০৩]
ক) কাল্পনিক সমাজতন্ত্র খ) বৈজ্ঞানিক সমাজতন্ত্র
গ) সাম্রাজ্যবাদ ঘ) বিশ্বায়নবাদ **উত্তর: খ**

৩. **মার্কসবাদের প্রণেতা কার্ল মার্কসের জন্ম কোন দেশে?** [খুবি (বি ইউনিট) : ১৯-২০]
ক) ফ্রান্স খ) জার্মানি
গ) রাশিয়া ঘ) ইংল্যান্ড **উত্তর: খ**

৪. **কার্ল মার্কস কোন দেশের অর্থনীতিবিদ ছিলেন?** [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ক) রাশিয়া খ) ব্রিটেন
গ) ফ্রান্স ঘ) জার্মানি **উত্তর: ঘ**

৫. **কার্ল মার্কস কোন দেশে মৃত্যুবরণ করেন?** [৩১তম বিসিএস]
ক) জার্মানি খ) ফ্রান্স
গ) যুক্তরাজ্য ঘ) রাশিয়া **উত্তর: গ**

৬. **The poverty of Philosophy গ্রন্থের লেখক -** [CU (D Unit): 04-05]
ⓐ G.W. Hegel ⓑ Friedrich Nietzsche
ⓒ Friedrich Engels ⓓ Karl Max **Ans. d**

৭. **'Communist Manifesto'- গ্রন্থের রচয়িতা -** [ইবি (সি ইউনিট): ১১-১২]
ক) রুশো খ) মার্কস
গ) লেনিন ঘ) মাও সেতুং **উত্তর: খ**

৮. **Workers of the World, Unite! এ কথা বলেছিলেন-** [ঢাবি (খ ইউনিট): ৯৭-৯৮]
ক) জন এফ কেনেডি খ) উইলিয়াম শেক্সপিয়র
গ) কার্ল মার্কস ঘ) লিও টলস্টয় **উত্তর: গ**

৯. **কার্ল মার্কস নিম্নের কোন বইটির রচয়িতা?** [রপ্তানি উন্নয়ন ব্যুরোর কম্পিউটার অপারেটর: ২৩]
ক) Das Capital খ) Theory of Economics
গ) Democracy ঘ) Economics **উত্তর: ক**

১০. **কোন মতাদর্শ অনুযায়ী, অর্থনীতি রাজনৈতিক কাঠামো নির্ধারণ করে?** [শাবিপ্রবি (এ ইউনিট) : ১৩-১৪]
ক) উদারতাবাদ খ) ফ্যাসীবাদ
গ) রক্ষণশীলতাবাদ ঘ) মার্কসবাদ **উত্তর: ঘ**

Scanned with CamScanner

অর্থনীতির সমাজতান্ত্রিক মতবাদের প্রবক্তা কে? [ঢাবি (খ ইউনিট): ১৫-১৬]
ⓚ মার্শাল ⓚ কার্ল মার্কস
ⓖ এল. রবিন্স ⓖ কেইন্স **উত্তর: খ**

'দ্বন্দ্বাত্মক বস্তুবাদ' তত্ত্বের প্রবক্তা - [ঢাবি (খ ইউনিট): ০৬-০৭]
ⓚ লেনিন ⓚ ফিদেল কাস্ত্রো
ⓖ কার্ল মার্কস ⓖ মাও সেতুং **উত্তর: গ**

দার্শনিক হেগেল কোন দেশের নাগরিক? [চবি (বি ইউনিট): ০৯-১০]
ⓚ জাপান ⓚ ইতালি
ⓖ রাশিয়া ⓖ জার্মানি **উত্তর: ঘ**

**Which one of the following theories of Communism is not a Doctrine of Kal Marx?** [Probashi Kallyan Bank Senior Officer: 21]
ⓐ Class Struggle
ⓑ Historical materialism
ⓒ Dialectical Materialism
ⓓ Theory of New Democracy **Ans. d**

'উৎপাদন পদ্ধতি সংস্কৃতিকে নির্ধারণ করে'- এ উক্তিটি কার? [ঢাবি (খ ইউনিট): ৯৬-৯৭]
ⓚ মার্কস ⓚ টেইলর
ⓖ হেগেল ⓖ ক্রোবার **উত্তর: ক**

৬. **Class relations and societal conflict is the key understanding of -**
ⓐ Feminism ⓑ Formalism
ⓒ Structuralism ⓓ Marxism **Ans. d**

৭. 'মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণি সংগ্রামের ইতিহাস'- উক্তিটি কার? [রাবি (ইউনিট A) : ২৩-২৪]
ⓚ কার্ল মার্কস ⓚ লেনিন
ⓖ চে গুয়েভেরা ⓖ এডাম স্মিথ **উত্তর: ক**

৮. উদ্বৃত্ত মূল্য তত্ত্বের প্রবর্তক - [জাককানইবি (C ইউনিট): ০৮ -০৯]
ⓚ কার্ল মার্কস ⓚ ফ্রেডারিক এঙ্গেলস
ⓖ হবস ⓖ জন লক **উত্তর: ক**

৯. পুঁজি হলো পুঁজিবাদের হাতে শ্রমিক শোষণের হাতিয়ার- কার উক্তি? [ইবি (সি ইউনিট): ০৭-০৮]
ⓚ লেনিন ⓚ উইলিয়াম ফ্রাঙ্কলিন
ⓖ রুজভেল্ট ⓖ কার্লমার্ক্স **উত্তর: ঘ**

২০. পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক দেশের নাম কী? [চবি (খ ইউনিট): ০৮-০৯]
ⓚ ভিয়েতনাম ⓚ সোভিয়েত রাশিয়া
ⓖ ফ্রান্স ⓖ চীন **উত্তর: খ**

২১. **"Imperialism, the Highest Stage of Capitalism"** বইটি কার? [৩৮তম বিসিএস]
ⓚ টমাস হবসন ⓚ ভি. আই লেনিন
ⓖ কার্ল মার্কস ⓖ এন্টিনিও গ্রামসি **উত্তর: খ**

২২. কোন বিখ্যাত নেতার মরদেহ এখনো সংরক্ষণ করা আছে? [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ কার্ল মার্ক্স ⓚ ভ্লাদিমির ইলিচ লেনিন
ⓖ হো চি মিন ⓖ উড্রো উইলসন **উত্তর: খ**

২৩. **সর্বপ্রথম অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন করে কোন দেশ?** [চবি (বি৭ ইউনিট): ১৩-১৪]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ সোভিয়েত ইউনিয়ন
ⓖ চীন ⓖ যুক্তরাজ্য **উত্তর: খ**

২৪. **পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনার প্রবর্তক দেশ কোনটি?** [চবি (বি ইউনিট): ১৮-১৯]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ যুক্তরাজ্য
ⓖ রাশিয়া ⓖ জার্মানি **উত্তর: গ**

## নয়া উদারতাবাদ (Neoliberalism)

**উদারতাবাদের সংকট :** রুশ বিপ্লবের পর সমাজতান্ত্রিক আদর্শের জনপ্রিয়তা ক্রমশঃ বৃদ্ধিতে উদারতাবাদ গ্রহণযোগ্যতা হারায়।

- *অর্থনৈতিক মহামন্দা (Great Depression)* : ১৯২৯ সাল থেকে পুঁজিবাদী দেশগুলোতে একটি বড় আকারের ছন্দপতন ঘটে। এই ছন্দপতনকে মহামন্দা (১৯২৯ -১৯৩৯ খ্রি.) হিসেবে চিহ্নিত করেন। ১৯২৯ সালের ২৪ অক্টোবর বৃহস্পতিবার নিউইয়র্কের ওয়াল স্ট্রিট স্টক এক্সচেঞ্জটি হঠাৎ করেই বন্ধ হয়ে যায়। শেয়ারের দাম এতই নিম্নগামী হয়েছিল যে, স্টক এক্সচেঞ্জটি বন্ধ করে দিতে বাধ্য হন উদ্যোক্তারা। পাশ্চাত্যের সমকালীন ইতিহাসে এই দিনটি কালো বৃহস্পতিবার (Black Thursday) নামে পরিচিত। মার্কিন যুক্তরাষ্ট্রে স্টক বাজারে দরপতনের পর বিশ্বব্যাপী অর্থনৈতিক মহামন্দা শুরু হয়। পুঁজিবাদী ব্যবস্থার নিয়মই হচ্ছে এখানে মাঝে মাঝে মন্দাভাব দেখা দেয়। ঝড়ের বেগে মন্দাভাব পুরো বিশ্ব অর্থনীতিকে গ্রাস করে। মহামন্দা মোকাবেলার জন্য মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন রুজভেল্ট নিউ ডিল (New Deal) ব্যবস্থা প্রবর্তন করেন। রুজভেল্ট বিশ্বাস করতেন, "অর্থনৈতিক স্বাধীনতা মানে অভাব থেকে মুক্তি।" কিছু দেশের অর্থনীতি ১৯৩০ এর দশকের মাঝামাঝিতে পূর্বের অবস্থায় ফিরে আসলেও অনেক দেশের অর্থনীতিতে মহামন্দার প্রভাব ছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধের শুরু পর্যন্ত।
- *কৃষ্ণ সোমবার, ১৯৮৭ (Black Monday, 1987)* : ১৯৮৭ সালের ১৯ অক্টোবর সোমবার ডাও জোনসহ বিশ্বব্যাপী শেয়ারের মূল্যসূচকের ব্যাপক ধ্বস নামে। দিনটি কৃষ্ণ সোমবার (Black Monday) নামে পরিচিত। সময় জোনের ভিন্নতার কারণে বিশ্বের কিছু অংশে একে কৃষ্ণ মঙ্গলবার (Black Tuesday)ও বলা হয়।

**নব্য উদারতাবাদের উত্থান :** প্রতিকূল অবস্থায় উদারতাবাদকে রক্ষা করার জন্য গৃহীত হয় জনকল্যাণমূলক রাষ্ট্র (Welfare state)-এর আদর্শ। রাষ্ট্র জনকল্যাণে পূর্বের তুলনায় আরো বেশি উদ্যোগ গ্রহণ করে। ব্রিটিশ অর্থনীতিবিদ উইলিয়াম বেভারিজকে 'কল্যাণমূলক রাষ্ট্র' এর জনক বলা হয়। ১৯শ ... উদারতাবাদের পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থার ধারণাগুলি ২০শ শত... শেষের দিকে পুনরায় নতুন করে ফিরে আসাকে নব্য উদারতাবাদ ... ।

১৯৮৯ সালে ব্রিটিশ অর্থনীতিবিদ জন উইলিয়ামসন ওয়াশিংটন ঐকমত্য (Washington Consensus) ধারণা প্রবর্তন করেন। ওয়াশিংটন কনসেনসাস মূলত সংকটে থাকা উন্নয়নশীল দেশগুলোর জন্য ওয়াশিংটনভিত্তিক তিনটি প্রতিষ্ঠান (বিশ্ব ব্যাংক, আইএমএফ এবং ইউএস ট্রেজারি বিভাগ)-এর একটি সংস্কার প্যাকেজ। এতে প্রতিষ্ঠানসমূহ ১০ টি বিষয়ে অর্থনৈতিক প্রেসক্রিপশন করে। এরপর থেকে বিশ্ব ব্যাংক এবং আইএমএফ নয়া উদারতাবাদ বিকাশে সরাসরি অংশগ্রহণ করা শুরু করে। সোভিয়েত ইউনিয়নের পতনের পর একমেরু বিশ্বব্যবস্থায় উন্নয়নশীল দেশগুলোতে গণতন্ত্রের জোয়ার সৃষ্টি হলে উদারতাবাদের পুনর্জন্ম হয়। বর্তমান বিশ্ব নয়া উদারতাবাদের জয়গানে মুখর।

**নয়া উদারতাবাদের সংকট :** নয়া উদারতাবাদ বেশ কয়েকবার বড় ধাক্কার সম্মুখীন হয়।

- *এশিয়ার আর্থিক সংকট, ১৯৯৭ :* সত্তরের দশকের গোড়া থেকে পূর্ব এশিয়ার দেশগুলোর অর্থনৈতিক সমৃদ্ধি ও প্রবৃদ্ধি বিশ্বের নজর কেড়ে নেয়। চার এশিয়ান বাঘ (4 Asian Tigers) বা সুপার সেভেন (Super 7) কিংবা পূর্ব এশিয়ার মিরাকল দেশগুলি তখন উঠছে।

| | |
|---|---|
| 4 Asian Tigers / Dragons | সিঙ্গাপুর, তাইওয়ান, হংকং, দক্ষিণ কোরিয়া |
| Super 7 | 4 Asian Tigers + থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া |
| East Asian Miracle পূর্ব এশিয়ার মিরাকল | Super 7 + জাপান |

তবে বেশি দিন মিরাকল অর্থনীতিগুলো শক্তি দেখাতে পারেনি। ১৯৯৭ সালে হঠাৎ এশিয়ার বাজারে মুদ্রাসংকটের সৃষ্টি হয়। এর সূচনা হয় থাইল্যান্ডে। পরবর্তীতে দক্ষিণ-পূর্ব এশিয়া ও পূর্ব এশিয়ার বেশির ভাগ দেশে ছড়িয়ে পড়ে। এটি এশিয়ার সংক্রামক বিস্তার (Asian Contagion) নামে পরিচিতি পায়। এশিয়াজুড়েই বিভিন্ন দেশের মুদ্রার মান কমে যায়। ধস নামে পুঁজিবাজারে। সংকট মোকাবিলায় দেশগুলো আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (IMF) দ্বারস্থ হয়। দক্ষিণ কোরিয়া IMF-এর কাছে বেল আউটের আবেদন করতে বাধ্য হয়েছিল। বেইল আউট (Bail Out) হচ্ছে আর্থিক সংকটের সময়ে আর্থিক সহায়তা দানের মাধ্যমে কোন ব্যবসায় প্রতিষ্ঠান বা কোন দেশের অর্থনীতিকে নিশ্চিত ধ্বংসের হাত থেকে রক্ষা করা।

| | |
|---|---|
| পঞ্চম ড্রাগন (Fifth Dragon) | চীন |
| Tiger on a Bicycle | ভিয়েতনাম |
| Gulf Tiger (উপসাগরীয় বাঘ) | দুবাই (সংযুক্ত আরব আমিরাত) |

- *বৈশ্বিক অর্থনৈতিক সংকট (Global Financial Crisis)*
- *ইউরোজোন সংকট (Eurozone Crisis) :* ইউরোজোন সংকট বলতে ইউরোজোনভুক্ত কিছু দেশের অর্থনৈতিক সংকটকে বুঝায়। এটি ২০০৯ থেকে শুরু হয়ে ২০১০ এর দশকের মাঝামাঝি সময় পর্যন্ত স্থায়ী হয়। একে ইউরোপীয় সার্বভৌম ঋণ সংকটও (European sovereign debt crisis) বলা হয়। ইউরোজোনভুক্ত দেশ, বিশেষত গ্রিস, পর্তুগাল, আয়ারল্যান্ড এবং সাইপ্রাস তাদের সরকারি ঋণ ও বাজেট ঘাটতি নিয়ন্ত্রণে ব্যর্থ হয় এবং ঋণ পরিশোধে অক্ষম হয়ে পড়ে। ফলে ইউরোপের অনেক দেশে গভীর সংকট সৃষ্টি হয়।

## MCQ Solution

১. 'The Great Depression' is historically linked with- /'মহামন্দা' কোন দেশের সাথে সম্পর্কিত? [Pubali Bank Ltd. Junior Officer/Officer (Cash): 14]
ⓐ USA ⓑ UK
ⓒ France ⓓ Japan **Ans. a**

২. 'গ্রেট ডিপ্রেশন' বলতে কী বোঝায়? [সিভিল এভিয়েশন ...: ১১]
ক) দুই মহাযুদ্ধ খ) প্লেগ মহামারি
গ) বিশ শতাব্দীর ত্রিশের অস্থিতিশীলতা
ঘ) ইউরোপ রাজনৈতিক অস্থিতিশীলতা **উত্তর: গ**

৩. In which year the world experienced the great depression for the first time? [Premier Bank Ltd. Trainee Junior Officer: 201]
ⓐ 1927 ⓑ 1930
ⓒ 1941 ⓓ None **Ans. b**

৪. কোন সময়ে আমেরিকায় অর্থনৈতিক মহামন্দা দেখা দেয়? [রাবি (মার্কেটিং বিভাগ): ০৪-০৫]
ক) ১৯১৮ থেকে ১৯৩৩
খ) ১৯২৮ থেকে ১৯৩৩
গ) ১৯২৮ থেকে ১৯৪০
ঘ) ১৮২৮ থেকে ১৮৩৩ **উত্তর: খ**

৫. মহামন্দা মোকাবিলার জন্য যে মার্কিন প্রেসিডেন্ট নিউ ডিল ব্যবস্থা প্রবর্তন করেন- [রাবি (ব ইউনিট): ০৭-০৮]
ক) হুভার খ) ফ্রাঙ্কলিন রুজভেল্ট
গ) নিক্সন ঘ) উইলসন **উত্তর: খ**

৬. কল্যাণমূলক রাষ্ট্রের জনক কে? [মাভাবিপ্রবি (বি ইউনিট): ১৪-১৫]
ক) স্টুয়ার্ট মিল খ) উইলিয়াম বেভারিজ
গ) জেরেমি বেনথাম ঘ) টি. এইচ. গ্রিন **উত্তর: খ**

৭. বিখ্যাত 'ওয়াশিংটন কনসেনসাস' (Washington Consensus) কোন বিষয়ের সঙ্গে জড়িত? [...]
ক) অস্ত্র নিয়ন্ত্রণ খ) আন্তর্জাতিক সন্ত্রাসবাদ দমন
গ) নয়া উদারতাবাদী অর্থনৈতিক নীতি বাস্তবায়ন
ঘ) আন্তর্জাতিক অভিবাসন নীতি **উত্তর: গ**

Scanned with CamScanner

৮. 'Black Monday' কীসের সঙ্গে সম্পর্কিত? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কম্পিউটার অপারেটর: ২১]
ⓚ রাজনীতি ⓦ স্টক মার্কেট
ⓖ পরিবেশ ⓖ সন্ত্রাসবাদ **উত্তর: খ**

৯. কোন সনের কৃষ্ণ সোমবারে নিউইয়র্ক স্টক এক্সচেঞ্জের সূচকের ৩৩% দরপতন হয়? [ঢাবি (ঘ ইউনিট): ১৩-১৪]
ⓚ ১৯৮৭ ⓦ ১৯৯৯
ⓖ ১৯৩০ ⓖ ২০০৭ **উত্তর: ক**

১০. ইস্ট এশিয়ান মিরাকল বলতে কয়টি দেশকে বোঝায়? [জবি (বি ইউনিট): ১৪-১৫]
ⓚ ৭টি ⓦ ৫টি
ⓖ ৫টি ⓖ ৮টি **উত্তর: ঘ**

১১. নিচের কোন দেশটিকে টাইগার ইকোনমির দেশ বলা হয়? [রাবি (A ইউনিট) : ২৩-২৪]
ⓚ চীন ⓦ বাংলাদেশ
ⓖ ভারত ⓖ সিঙ্গাপুর **উত্তর: ঘ**

১২. ড্রাগন অর্থনীতিসমূহে নিম্নের কোন দেশগুলো অন্তর্ভুক্ত? [ঢাবি (ঘ ইউনিট): ০৭-০৮]
ⓚ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও সিঙ্গাপুর
ⓦ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, চীন ও থাইল্যান্ড
ⓖ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও মালয়েশিয়া
ⓖ দক্ষিণ কোরিয়া, তাইওয়ান, হংকং ও চীন **উত্তর: ক**

১৩. কোন দেশটি 'এশিয়ান টাইগার' নয়? [BREB সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ০৬]
ⓚ হংকং ⓦ তাইওয়ান
ⓖ ভারত ⓖ দক্ষিণ কোরিয়া **উত্তর: গ**

১৪. এশিয়ার মুদ্রা সংকট ঘটেছিল কোন সালে? [কর্মসংস্থান ব্যাংক সহকারী অফিসার: ০৮]
ⓚ ১৯৭১ ⓦ ১৯৯০
ⓖ ১৯৯৭ ⓖ ১৯৯২ **উত্তর: গ**

১৫. 'বেইল আউট' শব্দটি কোন বিষয়ের সঙ্গে সম্পর্কিত? [রাবি (ইউনিট A) : ২৩-২৪]
ⓚ তথ্য প্রযুক্তি ⓦ অর্থনীতিতে পুনরুদ্ধার
ⓖ খেলাধুলা ⓖ শেয়ার বাজার **উত্তর: খ**

১৬. 'পঞ্চম ড্রাগনের' (Fifth Dragon) দেশ বলা হয় কোন দেশকে? [সমাজসেবা অধিদপ্তরের উপজেলা সমাজসেবা অফিসার: ০৬]
ⓚ জাপান ⓦ দক্ষিণ কোরিয়া
ⓖ চীন ⓖ তাইওয়ান **উত্তর: গ**

১৭. কোন শহরকে Gulf Tiger বলা হয়? [রপ্তানি উন্নয়ন ব্যুরোর নির্বাহী সহকারী: ২৩]
**উত্তর:** দুবাই, সংযুক্ত আরব আমিরাত।

১৮. 'দ্য টাইগার অন বাইসাইকেল' নামে পরিচিত - [ববি (ঘ ইউনিট) : ১৩-১৪]
ⓚ বাংলাদেশ ⓦ চীন
ⓖ জাপান ⓖ ভিয়েতনাম **উত্তর: ঘ**

১৯. **The Eurozone crisis is mainly caused by—** [Joint Recruitment for 3 Banks Assistant Engineer (IT): 20]
ⓐ Fiscal restraint
ⓑ Sovereign debt
ⓒ Subprime lending
ⓓ Exchange Rate Volatility **Ans. b**

## কূটনীতি

**Vienna Convention On Diplomatic Relation** হলো কূটনীতিকদের আচরণ বিষয়ক একটি চুক্তি। ১৯৬১ সালে জাতিসংঘের উদ্যোগে অস্ট্রিয়ার ভিয়েনায় চুক্তিটি স্বাক্ষরিত হয়। এতে ৫৩টি আর্টিকেল বা অনুচ্ছেদ আছে। কনভেনশনের অন্যতম গুরুত্বপূর্ণ একটি ধারা (৯)-এ বলা আছে, যেকোন দেশ ওই দেশে নিযুক্ত অন্য দেশের কূটনীতিককে কোন কারণ দর্শানো ছাড়াই 'অগ্রহণযোগ্য ব্যক্তি' (Persona non grata) বলে ঘোষণা করতে পারে। এক্ষেত্রে নিযুক্ত ওই কূটনীতিককে প্রেরক দেশ হয় বরখাস্ত করবে অথবা ফিরিয়ে নেবে।

**অ্যাম্বাসেডর ও হাইকমিশনার** [৩৪ তম বিসিএস (লিখিত)]
রাষ্ট্রদূত (Ambassador) হলেন একটি দেশের সর্বোচ্চ কূটনৈতিক প্রতিনিধি, যাকে কোন দেশের সরকারের পক্ষ থেকে অন্য আরেকটি দেশে পাঠানো হয়। রাষ্ট্রদূত প্রেরিত দেশে নিজ দেশের স্বার্থ রক্ষা করেন এবং চলমান বিভিন্ন সমস্যা প্রেরিত দেশের কাছে সমাধানের উদ্দেশ্য তুলে ধরেন। এক কমনওয়েলথ ভুক্ত দেশ থেকে আরেক কমনওয়েলথভুক্ত দেশে যে রাষ্ট্রদূত প্রেরণ করা হয় তাকে রাষ্ট্রদূত বলার পরিবর্তে হাই কমিশনার (High Commissioner) বলা হয়। হাইকমিশনার ও রাষ্ট্রদূতের কাজের মধ্যে মৌলিক কোনো পার্থক্য নেই। রাষ্ট্রদূতকে তখনি হাইকমিশনার বলা হয় যখন দুটি দেশই কমনওয়েলথভুক্ত হবে। আর দুটি দেশ কমনওয়েলথভুক্ত না হলে তাকে রাষ্ট্রদূত বলা হয়। যেমন- বাংলাদেশ ও ভারত উভয়ই পূর্বে ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত ছিলো। তাই বাংলাদেশের রাষ্ট্রদূত ভারতে নিয়োগ পেলে তাকে হাইকমিশনার বলা হবে। একইভাবে ভারতের রাষ্ট্রদূত বাংলাদেশে নিয়োজিত হলে তাকেও হাইকমিশনার বলা হবে। অন্যদিকে ইতালি কমনওয়েলথভুক্ত রাষ্ট্র নয়। তাই ইতালিতে প্রেরিত বাংলাদেশের রাষ্ট্রদূতকে এ্যামব্যাসেডর বলা হবে। একইভাবে বাংলাদেশে প্রেরিত ইতালির রাষ্ট্রদূতকে এ্যামব্যাসেডর বলা হবে। কারণ বাংলাদেশ কমনওয়েলথভুক্ত দেশ হলেও ইতালি কমনওয়েলথভুক্ত দেশ নয়। রাষ্ট্রদূত এবং হাইকমিশনারের কার্যালয়কে যথাক্রমে দূতাবাস (Embassy) এবং হাইকমিশন (High Commission) বলে।

Scanned with CamScanner

**Track I & Track II diplomacy** [৪৩তম বিসিএস (লিখিত)]

অন্য দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখতে রাষ্ট্র সরকারি (State factors) ও বেসরকারি (Non state factors) উভয় মাধ্যম ব্যবহার করে।

- Track I কূটনীতি হলো সরাসরি সরকার টু সরকার আলোচনা। সম্পর্ক রক্ষায় দুইটি দেশের সরকারের মধ্যে আনুষ্ঠানিক আলোচনা (Dialogue) হয়।
- Track II কূটনীতি হলো অরাষ্ট্রীয় কর্মক (Non state factors) এর মাধ্যমে দুইটি দেশের মধ্যে কূটনৈতিক তৎপরতা বজায় রাখা হয়। Track II কূটনীতিকে দ্বৈত ট্রাক (Dual Track), দ্বিতীয় ট্রাক (Second-track diplomacy), ব্যাকচ্যানেল কূটনীতি (Backchannel diplomacy)ও বলা হয়।

**জন কূটনীতি (Public Diplomacy)** [৪০তম বিসিএস (লিখিত)]

জন কূটনীতি হলো এমন এক ধরনের কূটনীতি যা সনাতন কূটনীতির বাইরে গিয়ে বিদেশী নাগরিকদের সাথে সম্পর্ক প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়। সনাতন কূটনৈতিক ব্যবস্থায় G2G (সরকার টু সরকার) সম্পর্ক রক্ষা করা হয়। অন্যদিকে, জন কূটনীতির মাধ্যমে সরকার জাতীয় স্বার্থ উদ্ধারের জন্য অন্য দেশের সাধারণ মানুষ, মিডিয়া, সিভিল সোসাইটি তথা বুদ্ধিজীবীদের সাথে সম্পর্ক রক্ষা করে।

## MCQ Solution

১. **'Vienna convention on diplomatic relations' কত সালে কার্যকর হয়?** [BPSC হোম-ইকোনমিস্ট (নিপোর্ট) : ২৪]

ক ১৯৬১ সালে　খ ১৯৬২ সালে
গ ১৯৬৪ সালে　ঘ ১৯৬৯ সালে　**উত্তর: গ**

২. **পারসেনা নন গ্রাটা বলতে কি বোঝায়?** [বাংলাদেশ তাঁত বোর্ড এর কম্পিউটার অপারেটর : ২৪]

**উত্তর:** অগ্রহণযোগ্য বা অবাঞ্ছিত ব্যক্তি।

৩. **Persona-non-grata কোন ভাষা থেকে গৃহীত?** [ডাক অধিদপ্তর এর উপজেলা পোস্টমাস্টার : ২৪]

ক ফরাসি　খ ল্যাটিন
গ জার্মান　ঘ পর্তুগিজ　**উত্তর: খ**

৪. **Persona-non-grata শব্দ সমষ্টি যে বিশেষ ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য--** [১৭তম বিসিএস/ রাবি (ইউনিট A) : ২৩-২৪]

ক রাজনীতিবিদ　খ ক্রীড়াবিদ
গ ব্যবসায়ী　ঘ কূটনীতিবিদ　**উত্তর: ঘ**

৫. **রাষ্ট্র প্রতিনিধি বলতে কোন শব্দটি ব্যবহার হয়?** [ইবি (এইচ ইউনিট):১১-১২]

ক Ambassador　খ Representative
গ Consul　ঘ cabinet　**উত্তর: ক**

৬. **জাতিসংঘভুক্ত রাষ্ট্রসমূহের সর্বোচ্চ কূটনীতিকদের বলা হয়-** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]

ক অ্যাম্বাসেডর　খ হাইকমিশনার
গ সেক্রেটারি　ঘ অ্যাটাশে　**উত্তর: ক**

৭. **হাইকমিশনার ও অ্যাম্বাসেডরের মধ্যে পার্থক্য কী? /What is the difference between high commissioner and ambassador?** [ঢাবি (ঘ ইউনিট): ১৯-২০]

ক প্রথমজন কমনওয়েলথভুক্ত রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন কমনওয়েলথ বহির্ভূত রাষ্ট্রের প্রতিনিধি [The former represents Commonwealth states & the latter non-Commonwealth states]
খ প্রথমজন ইউরোপীয় রাষ্ট্রের প্রতিনিধি ও অপরজন এশিয়া ও আফ্রিকার প্রতিনিধি [The former represents European states & the latter Asian and African states]
গ প্রথমজন কূটনীতিক ও অপরজন রাষ্ট্রের প্রতিনিধি [The former is a diplomat & the latter a representative of a state]
ঘ কোনো পার্থক্য নেই [There is no difference　**উত্তর: ক**

**অভিপ্রায় পত্র (Letter of intent - Loi)** একটি ধরনের নথি যা সাধারণত দুই বা ততোধিক পক্ষের মধ্যে একটি প্রাথমিক সমঝোতা প্রকাশ করে। এটি কোনো চুক্তি নয়, বরং পক্ষগুলো একটি নির্দিষ্ট চুক্তি সম্পাদনের ইচ্ছা বা অভিপ্রায় প্রকাশ করে। এতে মূলত চুক্তির গুরুত্বপূর্ণ শর্ত, উদ্দেশ্য ও প্রস্তাবিত পরিকল্পনা উল্লেখ করা হয়, তবে এটি আইনি বাধ্যতামূলক চুক্তি হিসেবে গণ্য হয় না। এই ধারনাটি সমঝোতা স্মারক (Memorandum of Understanding : MoU) এর সাথে সাদৃশ্যপূর্ণ।

**সাময়িক রফা (Modus vivendi) :** বিবাদ বা বিতর্কের চূড়ান্ত নিষ্পত্তির পূর্বে সাময়িক চুক্তি। এ ব্যবস্থা বিবদমান পক্ষগুলোকে শান্তিপূর্ণভাবে একসঙ্গে থাকতে বা কাজ করতে সহায়তা করে, যদিও তাদের মধ্যে মতপার্থক্য রয়েছে।

## MCQ Solution

১. **আন্তর্জাতিক রাজনীতিতে Loi এর পূর্ণরূপ কি?** [বিসিক'র শিল্পনগরী কর্মকর্তা : ২৩]

ক Letter of intent
খ letter of identification
গ letter of impact
ঘ letter of inspection　**উত্তর: ক**

২. **MOU stands for -** [Dhaka Bank Ltd. MTO : 09]

ক Mother of Universe
খ Memorandum of Understanding
গ Multi Occulation Unity
ঘ Mohila Odhikar Unnayan　**উত্তর: খ**

৩. **আন্তর্জাতিক রাজনীতিতে Modus vivendi বলতে কি বুঝায়?** [বাংলাদেশ ও ক্ষুদ্র কুটির শিল্প কর্পোরেশন এর শিল্পনগরী কর্মকর্তা : ২৩]

ক যুদ্ধের দেশ　খ অস্থায়ী চুক্তি
গ শরণার্থী শিবির　ঘ স্বার্থ হাসিল　**উত্তর: খ**

Scanned with CamScanner

# সংস্কৃতি ও শিল্পকলা
## Culture & Arts

## সংস্কৃতি (Culture)

মানুষ যেভাবে জীবনযাপন করে, যেসব জিনিস ব্যবহার করে, যে সব আচার অনুষ্ঠান পালন করে, যা কিছু সৃষ্টি করে, সব নিয়েই তার সংস্কৃতি। সংস্কৃতিকে দুই ভাগে ভাগ করা হয়ে থাকে।

ক) বস্তুগত সংস্কৃতি: সকল বস্তুগত জিনিসপত্র যা মানুষ দৈনন্দিন জীবন যাপনের জন্য ব্যবহার করে তাকে বস্তুগত সংস্কৃতি বলে। এসব বস্তুগত জিনিসের মধ্যে বই, ঘরবাড়ি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পোশাক, যানবাহন, বাসন বা তৈজসপত্র, হাতিয়ার অন্যতম।

খ) অবস্তুগত সংস্কৃতি: যেসব বিষয়ের বস্তুগুণ নেই অথচ আমাদের সংস্কৃতির অংশ তাকে অবস্তুগত সংস্কৃতি বলে। যেমন - মানুষের ভাষা, জ্ঞান-বিজ্ঞান, আইন, আদর্শ, মূল্যবোধ, প্রথা, শিল্পকলা, অভ্যাস, বিশ্বাস, চিন্তাভাবনা, ধ্যান-ধারণা, রীতিনীতি, সাহিত্য, দর্শন, ভাষা, ধর্ম, নীতিবোধ ইত্যাদি অবস্তুগত সংস্কৃতির অংশ।

### MCQ Solution

১. **সংস্কৃতি হলো একটি –** [ঢাবি (খ ইউনিট): ০৪-০৫]
ⓚ বিনোদন মাধ্যম ⓚ জীবন প্রণালি
ⓖ শিল্পকলা ⓖ নাট্যকলা **উত্তর: খ**

২. **সংস্কৃতি বলতে কি বোঝায়?** [থানা ও জেলা সমাজসেবা অফিসার: ৯৯]
ⓚ উন্নত জীবন-যাত্রা ⓚ সার্বিক জীবনাচরণ
ⓖ মার্জিত আচরণ ⓖ শিল্প ও সাহিত্য **উত্তর: খ**

৩. **সংস্কৃতি বলতে কোনটিকে বোঝায়?** [জাবি (নাটক ও নাট্যতত্ত্ব): ১৩-১৪]
ⓚ সিনেমা ⓚ নাচ ও গান
ⓖ প্রতিটি মানুষের ব্যক্তিগত আচরণ সমষ্টি **উত্তর: গ**

৪. **'বই' কোন ধরনের সংস্কৃতি?** [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (বি ইউনিট): ২৩-২৪]
ⓚ লোকজ ⓚ অবস্তুগত
ⓖ নাগরিক ⓖ বস্তুগত **উত্তর: ঘ**

৫. **কোনটি সর্বজনীন সাংস্কৃতিক উপাদান নয়?** [শাবিপ্রবি (অ ইউনিট): ১১-১২]
ⓚ ভাষা ⓚ কম্পিউটার
ⓖ সুনামি ⓖ বাসস্থান **উত্তর: গ**

৬. **বস্তুগত সংস্কৃতির উদাহরণ নয় –** [শাবিপ্রবি (বি ইউনিট): ০৬-০৭]
ⓚ ঘরবাড়ি ⓚ মোবাইল সেট
ⓖ ভাষা ⓖ কম্পিউটার **উত্তর: গ**

৭. **The Notting Hill Carnival held in-** [IIU (C Unit): 14-15]
ⓐ New York ⓑ Paris
ⓒ Mexico ⓓ London **Ans. d**

**ব্যাখ্যা:** *নটিং হিল কার্নিভাল* একটি বার্ষিক ক্যারিবীয় কার্নিভাল (উৎসব), যা ১৯৬৬ সাল থেকে লন্ডনের নটিং হিল এলাকার রাস্তায় আগস্ট মাসে ব্যাংক অবকাশে অনুষ্ঠিত হয়।

## খাদ্য ও পানীয় (Food & Beverage)

- জনপ্রিয় খাবার পিৎজার আধুনিক রূপ ১৮শ শতকে ইতালির নেপলস শহরে উদ্ভূত।
- বিশ্বের সবচেয়ে পুরাতন রেস্তোরা *কাসা বোতিল*। ১৭২৫ খ্রিষ্টাব্দে স্পেনের মাদ্রিদ শহর প্রতিষ্ঠিত রেস্তোরাটি এখনো তার কার্যক্রম চালু রেখেছে।
- পানীয় হিসেবে কফির প্রথম ব্যবহার শুরু হয় ইয়েমেনে (একটি আরব দেশ)। ১৫১১ সালে মিশরের কায়রোতে প্রথম 'কফি হাউস' প্রতিষ্ঠিত হয়।
- *Coca-Cola* কোম্পানির প্রধান কার্যালয় যুক্তরাষ্ট্রের জর্জিয়া অঙ্গরাজ্যের আটলান্টা শহরে অবস্থিত।
- *সুশি ও সাশিমী* জাপানীদের প্রিয় খাবার।

### MCQ Solution

১. **জনপ্রিয় ফাস্টফুড 'পিৎজা'র উৎপত্তি -** [BREB সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার: ২৩]
ⓚ আমেরিকা ⓚ অস্ট্রেলিয়া
ⓖ ইতালি ⓖ জার্মানি **উত্তর: গ**

২. **১৭২৫ সালে বিশ্বের প্রাচীনতম রেস্তোরাঁ চালু হয়েছিল ইউরোপের একটি শহরে, তার নাম এবং রেস্তোরার নাম –** [১৭তম বিসিএস]
ⓚ ফ্রান্সের টুলোন শহর, লাফ্রাঁসে
ⓚ জার্মানির হামবুর্গ শহর, ক্যাসানোভা
ⓖ ইতালির মিলান শহর, মালদিনীয়ানি
ⓖ স্পেনের মাদ্রিদ শহর, কাসা বোতিল **উত্তর: ঘ**

৩. **পানীয় হিসেবে কফির প্রথম ব্যবহার শুরু হয়-** [রাবি (ইসলামী ইতিহাস): ০৭-০৮]
ⓚ আফগানিস্তানে ⓚ চীন দেশে
ⓖ মালয় রাজ্যে ⓖ আরব দেশে **উত্তর: ঘ**

৪. **কোন দেশে সর্বপ্রথম কফিকে পানীয় হিসেবে ব্যবহার করা হয়েছে?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৭]
ⓚ মিশর ⓚ ইয়েমেন
ⓖ কেনিয়া ⓖ যুক্তরাজ্য **উত্তর: খ**

৫. **পৃথিবীর সর্বপ্রথম কফি হাউজ কোন শহরে কত সালে প্রতিষ্ঠিত হয়?** [সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক: ৯৭]
ⓚ রোম, ১০২০ সালে ⓚ সাংহাই, ১৬১৫ সালে
ⓖ লন্ডন, ১৪১৫ সালে ⓖ কায়রো, ১৫১১ সালে **উত্তর: ঘ**

৬. **Head office of Coca Cola company is in:** [WASA Sub Asst. Engineer (Civil): 19]
ⓐ New York ⓑ Atlanta
ⓒ New Jersey ⓓ Florida **Ans. b**

Scanned with CamScanner

৭. 'সুশি' ও 'সাশিমী' কী? [রাবি (সমাজকর্ম): ০৮-০৯]
(ক) দুই বোনের নাম (খ) এক ধরনের পাখি
(গ) এ ধরনের উদ্ভিদ (ঘ) এক ধরনের খাবার উত্তর: ঘ

## ভাষা (Language)

**ভাষার জগতে বিভিন্ন ভাষার অবস্থান**

| ক্রম | মোট ব্যবহারকারী (মাতৃভাষা + দ্বিতীয় ভাষা) | মাতৃভাষা হিসেবে ব্যবহারকারী |
|---|---|---|
| ১ | ইংরেজি | মান্দারিন (চীনা) |
| ২ | মান্দারিন (চীনা) | স্প্যানিশ |
| ৩ | হিন্দি | ইংরেজি |
| ৪ | স্প্যানিশ | হিন্দি |
| ৫ | ফ্রেঞ্চ | বাংলা |
| ৬ | আরবি | পর্তুগিজ |
| ৭ | বাংলা | রাশিয়ান |

*[Source: Ethnologue (27th edition, 2024)]*

- বাংলাদেশ, ভারতের পশ্চিমবঙ্গ, আসাম ও ত্রিপুরার ভাষা বাংলা।
- ঘানার প্রধান ভাষা ইংরেজি (সরকারি ভাষা), আকান প্রভৃতি।
- জ্যামাইকার প্রধান ভাষা ইংরেজি।
- আফগানিস্তানের প্রধান ভাষা ডারি (ফার্সির একটি উপভাষা) এবং পশতু।
- বিশ্বের সর্বাধিক ভাষার দেশ পাপুয়া নিউগিনি।
- কয়েকটি উল্লেখযোগ্য ভাষা ব্যবহারকারী দেশ-

| ভাষা | দেশ |
|---|---|
| জার্মান | জার্মানি, অস্ট্রিয়া, সুইজারল্যান্ড, লিচটেনস্টেইন |
| ডাচ | নেদারল্যান্ড, বেলজিয়াম, সুরিনাম |
| গ্রিক | গ্রিস, সাইপ্রাস |
| হিব্রু | ইসরায়েল |
| ফার্সি | ইরান |
| খেমার | কম্বোডিয়া |
| সিংহলি | শ্রীলঙ্কা |
| দোজাংখা | ভুটান |
| দিভেহি | মালদ্বীপ |
| মালয় | মালয়েশিয়া, ব্রুনাই |
| মজর (Magyar) | হাঙ্গেরি |
| সোয়াহিলি | কেনিয়া, তানজানিয়া |
| চিওয়া | মালাউই |
| কিরুন্ডি | বুরুন্ডি |

## MCQ Solution

১. আক্ষরিক অর্থে আন্তর্জাতিক ভাষা- [চবি (খ ইউনিট): ০৭-০৮]
(ক) আরবি (খ) ফারসি
(গ) এসপারেন্টো (ঘ) ইংরেজি উত্তর: ঘ

২. বিশ্বের স্বীকৃত দ্বিতীয় ভাষা- [আয়কর অফিসের সহকারী প্রশাসনিক: ৯৮]
(ক) জার্মান (খ) আরবি
(গ) ফ্রেঞ্চ (ঘ) স্প্যানিশ উত্তর: গ

৩. কোন ভাষায় সবচেয়ে বেশী মানুষ কথা বলে? [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]
(ক) ইংরেজি (খ) মান্দারিন (চাইনিজ)
(গ) হিন্দি (ঘ) ফরাসি উত্তর: ক

৪. **The language most widely spoken as native tongue is - / বিশ্বের সবচেয়ে বেশি লোকের মাতৃভাষা-** [Uttara Bank Probationary Officer : 24]
ⓐ English ⓑ Chinese (Mandarin)
ⓒ French ⓓ Bengali **Ans. b**

৫. মান্দারিন কোন দেশের ভাষা- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক: ১৪]
(ক) থাইল্যান্ড (খ) ভিয়েতনাম
(গ) চীন (ঘ) জাপান উত্তর: গ

৬. **Which of the following languages has the highest number of native speakers?** [Bangladesh Bank AD: 10] *Or,*
পৃথিবীর সর্বাধিক লোকের মাতৃভাষার নাম- [BREB এর সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার : ২৩]
ⓐ Hindi ⓑ English
ⓒ Chinese ⓓ Spanish **Ans. c**

৭. **What is the ranking of Bangla in the world in terms of spoken language?** [Sonali, Janata, Agrani Bank Ltd. Officer (Cash): 08]
*Or,*
ভাষার জগতে বাংলার স্থান কোথায়? [১৩তম বেসরকারী শিক্ষক নিবন্ধন: ১৬]
ⓐ 12th ⓑ 3rd
ⓒ 6th ⓓ 7th **Ans. c**

৮. ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা বিশ্বের কততম প্রধান ভাষা? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ - ২০ (১ম পর্যায়): ২২]
(ক) ষষ্ঠ (খ) সপ্তম
(গ) চতুর্থ (ঘ) পঞ্চম উত্তর: খ

৯. ভাষাভাষী জনসংখ্যার দিক দিয়ে বাংলা ভাষা পৃথিবীর কততম মাতৃভাষা? [PGCBL এর সহকারী প্রকৌশলী : ২৪]
(ক) পাঁচ (খ) আট
(গ) চার (ঘ) ছয় উত্তর: ক

১০. ঘানা-এর প্রধান ভাষা কী? [BPSC এর সহকারী পরিচালক: ০৬]
(ক) মেন্ডি (খ) স্প্যানিশ
(গ) ইংরেজি (ঘ) হাউসা উত্তর: গ

Scanned with CamScanner

১১. What is the native language of Jamaica?/ জ্যামাইকার মাতৃভাষা কোনটি? [Standrd Bank Ltd. Officer: 06]
ⓐ English ⓑ Tagalog
ⓒ Swahili ⓓ Esperanto **Ans. a**

১২. আকান কোন দেশের ভাষা? [BTV এর উপ-সহকারী প্রকৌশলী : ২৪]
ⓚ বেনিন ⓚ ঘানা
ⓖ গিনি বিসাউ ⓖ সিয়েরা লিওন **উত্তর: খ**

১৩. অস্ট্রিয়ার ভাষা- [রাবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ ইংরেজি ⓚ ফরাসি
ⓖ স্প্যানিশ ⓖ জার্মান **উত্তর: ঘ**

১৪. জার্মানি ব্যতিরেকে কোন দেশের প্রায় সকল নাগরিক জার্মান ভাষায় কথা বলে? [১৪তম বিসিএস]
ⓚ সুইজারল্যান্ড ⓚ পোল্যান্ড
ⓖ অস্ট্রিয়া ⓖ ডেনমার্ক **উত্তর: গ**

১৫. মধ্যপ্রাচ্যের দেশ ইরানের রাষ্ট্রভাষার নাম কী? [ঢাবি (D-১ ইউনিট):২৩-২৪]
ⓚ আরবি ⓚ উর্দু
ⓖ তুর্কি ⓖ ফার্সি **উত্তর: ঘ**

১৬. ডাচ কোন দেশের ভাষা? [বেপজা'র উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) : ২৩]
ⓚ ডেনমার্ক ⓚ বেলজিয়াম
ⓖ ফিনল্যান্ড ⓖ নেদারল্যান্ড **উত্তর:খ,ঘ**

১৭. ইসরায়েলের সরকারি ভাষা – [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ⓚ আরবি ⓚ হিব্রু
ⓖ ইংরেজি ⓖ ফরাসি **উত্তর: খ**

১৮. আফগানিস্তানের প্রধান ভাষা কোনটি? [বাতিল কৃত ২৪তম বিসিএস]
ⓚ আফগানি ⓚ ফার্সি
ⓖ পশতু ⓖ তুর্কি **উত্তর: গ**

১৯. দোজাংখা কোন দেশের ভাষা? [BREB সহকারী পরিচালক (অর্থ): ২৩]
ⓚ আফ্রিকা ⓚ কেনিয়া
ⓖ গিনি বিসাউ ⓖ ভুটান **উত্তর: ঘ**

২০. মালদ্বীপের প্রধান ভাষা – [প্রাথমিক বিদ্যালয় এর সহকারী শিক্ষক : ২৪]
ⓚ হিন্দি ⓚ মালয়
ⓖ আরবি ⓖ দিভেহি **উত্তর: ঘ**

২১. মালয়েশিয়া ছাড়া নিচের কোন দেশের ভাষা 'মালয়'? [কুবি (সি ইউনিট):২৪-২৫]
ⓚ ব্রুনাই ⓚ ফিনল্যান্ড
ⓖ লাওস ⓖ থাইল্যান্ড **উত্তর: ক**

২২. Magyar is the language of- [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ Macedonia ⓑ Hungary
ⓒ Romania ⓓ Monaco **Ans. b**

২৩. বাংলাদেশ ছাড়াও কোন জায়গার মানুষের মুখের ভাষা বাংলা? [বিভিন্ন অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ⓚ নদীয়া ⓚ পশ্চিমবঙ্গ ও আসাম
ⓖ অযোধ্যা ⓖ আরাকান **উত্তর: খ**

২৪. বিশ্বের সর্বাধিক ভাষার দেশ কোনটি? [ববি (ঘ ইউনিট): ১৫-১৬]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ পাপুয়া নিউগিনি
ⓖ ভারত ⓖ চীন **উত্তর: খ**

## শিক্ষা (Education)

ল্যাটিন শব্দ Educare (অর্থ প্রশিক্ষিত করা) থেকে ইংরেজি Education শব্দের উৎপত্তি। চেক দার্শনিক ও শিক্ষাবিদ জন আমোস কমেনিয়াসকে *Father of Modern Education* বলা হয়।

### বিশ্ববিদ্যালয়

| বিশ্ববিদ্যালয় | অবস্থান | প্রতিষ্ঠা | তথ্য কণিকা |
|---|---|---|---|
| নালন্দা | ভারত | ৪২৭ | |
| কারুইন | ফেজ, মরক্কো | ৮৫৯ | অদ্যাবধি বিরাজমান। |
| আল-আজহার | কায়রো, মিশর | ৯৭০ | ১৯৬১ সালে বিশ্ববিদ্যালয়ের মর্যাদা পায়। |
| বলগনা | বলগনা, ইতালি | ১০৮৮ | |
| অক্সফোর্ড | অক্সফোর্ড, যুক্তরাজ্য | ১০৯৬ | |
| ক্যামব্রিজ | ক্যামব্রিজ, যুক্তরাজ্য | ১২০৯ | |
| হাভার্ড | ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র | ১৬৩৬ | আমেরিকার প্রাচীনতম বিশ্ববিদ্যালয়। |
| উম্মুল কুরা | মক্কা,সৌদি আরব | ১৯৮১ | |

নালন্দা মহাবিহার ছিল ভারতের বিহার রাজ্যে অবস্থিত একটি প্রাচীন উচ্চশিক্ষা কেন্দ্র। খ্রিষ্টীয় ৪২৭ অব্দ থেকে ১১৯৭ অব্দের মধ্যবর্তী সময়ে নালন্দা ছিল একটি প্রসিদ্ধ বৌদ্ধ শিক্ষা কেন্দ্র। এই মহাবিহারকে ইতিহাসের শ্রেষ্ঠ প্রাচীন বিশ্ববিদ্যালয়গুলোর অন্যতম মনে করা হয়। রাজা দেবপালের পৃষ্ঠপোষকতায় সমগ্র এশিয়ায় নালন্দা বিশ্ববিদ্যালয় বৌদ্ধ সংস্কৃতির প্রধান প্রাণকেন্দ্র হয়ে ওঠেছিল। ১১৯৩ সালে তুর্কি সেনাপতি বখতিয়ার খলজি নালন্দা মহাবিহার ধ্বংস করে ফেলেন।

**অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়** বিশ্বে ইংরেজি ভাষাভাষী জগতের সবচেয়ে পুরাতন বিশ্ববিদ্যালয়।

- *Rhodes Scholarship* হলো বিশ্বের সবচেয়ে সম্মানজনক স্নাতকোত্তর বৃত্তি প্রদান প্রকল্প। কেপ কলোনীর (বর্তমানে দক্ষিণ আফ্রিকা) প্রধানমন্ত্রী সিসিল জন রোডস এর নামানুসারে এই স্কলারশিপের নামকরণ করা হয়।
- *অ্যাশমোলিয়ান মিউজিয়ম* শিল্পকলা ও প্রত্নতত্ত্ব সংক্রান্ত জাদুঘর। ইংরেজ পুরাকীর্তি সংগ্রাহক অ্যাশমলের সংগ্রহ নিয়ে ১৬৮৩ সালে (সতেরো শতকে) জাদুঘরটি প্রতিষ্ঠিত হয়। এটি ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়ম। এটি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একটি অঙ্গ প্রতিষ্ঠান।
- *Bodleian Library* হলো অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রধান গবেষণা প্রতিষ্ঠান।

Scanned with CamScanner

১১. **What is the native language of Jamaica?/ জ্যামাইকার মাতৃভাষা কোনটি?** [Standrd Bank Ltd. Officer: 06]
ⓐ English ⓑ Tagalog
ⓒ Swahili ⓓ Esperanto **Ans. a**

১২. **আকান কোন দেশের ভাষা?** [BTV এর উপ-সহকারী প্রকৌশলী : ২৪]
ক বেনিন খ ঘানা
গ গিনি বিসাউ ঘ সিয়েরা লিওন **উত্তর: খ**

১৩. **অস্ট্রিয়ার ভাষা-** [রাবি (বি ইউনিট): ১৯-২০]
ক ইংরেজি খ ফরাসি
গ স্প্যানিশ ঘ জার্মান **উত্তর: ঘ**

১৪. **জার্মানি ব্যতিরেকে কোন দেশের প্রায় সকল নাগরিক জার্মান ভাষায় কথা বলে?** [১৪তম বিসিএস]
ক সুইজারল্যান্ড খ পোল্যান্ড
গ অস্ট্রিয়া ঘ ডেনমার্ক **উত্তর: গ**

১৫. **মধ্যপ্রাচ্যের দেশ ইরানের রাষ্ট্রভাষার নাম কী?** [চবি (D-১ ইউনিট):২৩-২৪]
ক আরবি খ উর্দু
গ তুর্কি ঘ ফার্সি **উত্তর: ঘ**

১৬. **ডাচ কোন দেশের ভাষা?** [বেপজা'র উপসহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) : ২৩]
ক ডেনমার্ক খ বেলজিয়াম
গ ফিনল্যান্ড ঘ নেদারল্যান্ড **উত্তর:খ,ঘ**

১৭. **ইসরায়েলের সরকারি ভাষা -** [রাবি (এ-৩ ইউনিট): ১০-১১]
ক আরবি খ হিব্রু
গ ইংরেজি ঘ ফরাসি **উত্তর: খ**

১৮. **আফগানিস্তানের প্রধান ভাষা কোনটি?** [বাতিল কৃত ২৪তম বিসিএস]
ক আফগানি খ ফার্সি
গ পশতু ঘ তুর্কি **উত্তর: গ**

১৯. **দোজাংখা কোন দেশের ভাষা?** [BREB সহকারী পরিচালক (অর্থ): ২৩]
ক আফ্রিকা খ কেনিয়া
গ গিনি বিসাউ ঘ ভুটান **উত্তর: ঘ**

২০. **মালদ্বীপের প্রধান ভাষা –** [প্রাথমিক বিদ্যালয় এর সহকারী শিক্ষক : ২৪]
ক হিন্দি খ মালয়
গ আরবি ঘ দিভেহি **উত্তর: ঘ**

২১. **মালয়েশিয়া ছাড়া নিচের কোন দেশের ভাষা 'মালয়'?** [কুবি (সি ইউনিট):২৪-২৫]
ক ব্রুনাই খ ফিনল্যান্ড
গ লাওস ঘ থাইল্যান্ড **উত্তর: ক**

২২. **Magyar is the language of-** [Janata Bank Ltd. Executive Officer: 17]
ⓐ Macedonia ⓑ Hungary
ⓒ Romania ⓓ Monaco **Ans. b**

২৩. **বাংলাদেশ ছাড়াও কোন জায়গার মানুষের মুখের ভাষা বাংলা?** [বিভিন্ন অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা: ১৯]
ক নদীয়া খ পশ্চিমবঙ্গ ও আসাম
গ অযোধ্যা ঘ আরাকান **উত্তর: খ**

২৪. **বিশ্বের সর্বাধিক ভাষার দেশ কোনটি?** [ববি (ঘ ইউনিট): ১৫-১৬]
ক যুক্তরাষ্ট্র খ পাপুয়া নিউগিনি
গ ভারত ঘ চীন **উত্তর: খ**

## শিক্ষা (Education)

ল্যাটিন শব্দ Educare (অর্থ প্রশিক্ষিত করা) থেকে ইংরেজি Education শব্দের উৎপত্তি। চেক দার্শনিক ও শিক্ষাবিদ জন আমোস কমেনিয়াসকে *Father of Modern Education* বলা হয়।

### বিশ্ববিদ্যালয়

| বিশ্ববিদ্যালয় | অবস্থান | প্রতিষ্ঠা | তথ্য কণিকা |
|---|---|---|---|
| নালন্দা | ভারত | ৪২৭ | |
| কারুইন | ফেজ, মরক্কো | ৮৫৯ | অদ্যাবধি বিরাজমান। |
| আল-আজহার | কায়রো, মিশর | ৯৭০ | ১৯৬১ সালে বিশ্ববিদ্যালয়ের মর্যাদা পায়। |
| বলগনা | বলগনা, ইতালি | ১০৮৮ | |
| অক্সফোর্ড | অক্সফোর্ড, যুক্তরাজ্য | ১০৯৬ | |
| ক্যামব্রিজ | ক্যামব্রিজ, যুক্তরাজ্য | ১২০৯ | |
| হাভার্ড | ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র | ১৬৩৬ | আমেরিকার প্রাচীনতম বিশ্ববিদ্যালয়। |
| উম্মুল কুরা | মক্কা,সৌদি আরব | ১৯৮১ | |

**নালন্দা মহাবিহার** ছিল ভারতের বিহার রাজ্যে অবস্থিত একটি প্রাচীন উচ্চশিক্ষা কেন্দ্র। খ্রিষ্টীয় ৪২৭ অব্দ থেকে ১১৯৭ অব্দের মধ্যবর্তী সময়ে নালন্দা ছিল একটি প্রসিদ্ধ বৌদ্ধ শিক্ষা কেন্দ্র। এই মহাবিহারকে ইতিহাসের শ্রেষ্ঠ প্রাচীন বিশ্ববিদ্যালয়গুলোর অন্যতম মনে করা হয়। রাজা দেবপালের পৃষ্ঠপোষকতায় সমগ্র এশিয়ায় নালন্দা বিশ্ববিদ্যালয় বৌদ্ধ সংস্কৃতির প্রধান প্রাণকেন্দ্র হয়ে ওঠেছিল। ১১৯৩ সালে তুর্কি সেনাপতি বখতিয়ার খলজি নালন্দা মহাবিহার ধ্বংস করে ফেলেন।

**অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়** বিশ্বে ইংরেজি ভাষাভাষী জগতের সবচেয়ে পুরাতন বিশ্ববিদ্যালয়।

- *Rhodes Scholarship* হলো বিশ্বের সবচেয়ে সম্মানজনক স্নাতকোত্তর বৃত্তি প্রদান প্রকল্প। কেপ কলোনীর (বর্তমানে দক্ষিণ আফ্রিকা) প্রধানমন্ত্রী সিসিল জন রোডস এর নামানুসারে এই স্কলারশিপের নামকরণ করা হয়।
- *অ্যাশমোলিয়ান মিউজিয়ম* শিল্পকলা ও প্রত্নতত্ত্ব সংক্রান্ত জাদুঘর। ইংরেজ পুরাকীর্তি সংগ্রাহক অ্যাশমলের সংগ্রহ নিয়ে ১৬৮৩ সালে (সতেরো শতকে) জাদুঘরটি প্রতিষ্ঠিত হয়। এটি ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়ম। এটি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একটি অঙ্গ প্রতিষ্ঠান।
- *Bodleian Library* হলো অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রধান গবেষণা প্রতিষ্ঠান।

Scanned with CamScanner

## MCQ Solution

১. যে ভাষা থেকে Education শব্দটির উৎপত্তি হয়েছে? [চবি (চারুকলা): ১৮-১৯]
ক) গ্রিক খ) ফরাসি
গ) জার্মান ঘ) লাতিন উত্তর: ঘ

২. Who is called the father of modern education? [Bangladesh Bank Assistant Director : 23]
ⓐ Horace mann
ⓑ John Amos Comenius
ⓒ Henry Fesched
ⓓ Greg Barclay Ans. b

৩. বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কোনটি? [রাবি (সি-ইউনিট) :২৩-২৪]
ক) হাভার্ড বিশ্ববিদ্যালয়
খ) নালন্দা বিশ্ববিদ্যালয়
গ) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়
ঘ) আল-আযহার বিশ্ববিদ্যালয় উত্তর: খ

৪. ভারতবর্ষের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কোনটি? [রাবি (এ-৬ ইউনিট) : ১১-১২]
ক) তক্ষশীলা খ) নালন্দা
গ) বিক্রমশীলা ঘ) যাদবপুর উত্তর: খ

৫. নালন্দা মহাবিহার কি? [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার: ২২]
ক) হাসপাতাল খ) বিখ্যাত বাজার
গ) কমিউনিটি সেন্টার
ঘ) প্রাচীন শিক্ষা কেন্দ্র বা বিশ্ববিদ্যালয় উত্তর: ঘ

৬. নালন্দা বিশ্ববিদ্যালয় কোন শতকে প্রতিষ্ঠিত হয়েছিল? [জাবি (ইতিহাস): ১৩-১৪]
ক) চতুর্থ শতকে খ) পঞ্চম শতকে
গ) ষষ্ঠ শতকে ঘ) সপ্তম শতকে উত্তর: খ

৭. নালন্দা বিশ্ববিদ্যালয়ের অবস্থান – [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ক) পাহাড়পুর খ) পাটনা
গ) পুণ্ড্রবর্ধন ঘ) কোনোটিই নয় উত্তর: খ

৮. কার পৃষ্ঠপোষকতায় 'নালন্দা বিশ্ববিদ্যালয়' জ্ঞান- বিজ্ঞানের প্রাণকেন্দ্র হয়ে উঠে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় পর্যায়): ১৯]
ক) দেবপাল খ) ধর্মপাল
গ) বিগ্রহপাল ঘ) নারায়ণপাল উত্তর: ক

৯. পৃথিবীর প্রাচীনতম বিশ্ববিদ্যালয়- [রাবি (এ ইউনিট): ১৬-১৭]
ক) কেমব্রিজ খ) অক্সফোর্ড
গ) বার্লিন ঘ) কারুইন উত্তর: ঘ
ব্যাখ্যা : প্রদত্ত অপশন অনুযায়ী 'কারুইন' সঠিক।

১০. আল আজহার বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত? [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক: ১৩]
ক) বাগদাদ খ) জেদ্দা
গ) তেহরান ঘ) কায়রো উত্তর: ঘ

১১. অদ্যাবধি বিরাজমান বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় – [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ) : ১৫]
ক) অক্সফোর্ড খ) কেমব্রিজ
গ) আল-আজহার ঘ) নালন্দা উত্তর: ক
ব্যাখ্যা: উপরিউক্ত চারটি অপশনের মধ্যে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় প্রাচীনতম।

১২. রোডস স্কলারশিপ (Rhodes Scholarship) কার নাম অনুসারে দেয়া হয়? [থানা ও জেলা সমাজসেবা অফিসার : ৯৯]
ক) সিসিল রোডস
খ) জেমস্ রোডস
গ) আর্থার রোডস
ঘ) রবার্ট রোডস উত্তর: ক

১৩. বোদলীয়ান গ্রন্থাগারটি কোন প্রতিষ্ঠানের প্রধান গবেষণা গ্রন্থাগার? [ঢাবি (ঘ ইউনিট): ১২-১৩]
ক) নটরডেম বিশ্ববিদ্যালয়
খ) ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়
গ) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়
ঘ) লুভেনের ক্যাথলিক বিশ্ববিদ্যালয় উত্তর: গ

১৪. ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়াম প্রতিষ্ঠিত হয় যে বিশ্ববিদ্যালয়ে – [ঢাবি (চ ইউনিট): ২০-২১]
ক) অক্সফোর্ড
খ) ক্যামব্রিজ
গ) ম্যানচেস্টার
ঘ) বার্হিংহাম উত্তর: ক

১৫. নিচের কোনটি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অঙ্গ-প্রতিষ্ঠান? [কুবি (খ ইউনিট) : ১৮-১৯]
ক) অ্যাশমোলিয়ান মিউজিয়ম
খ) বরেন্দ্র রিসার্চ মিউজিয়ম
গ) কায়রো মিউজিয়ম
ঘ) ব্রিটিশ মিউজিয়ম উত্তর: ক

১৬. অ্যাশমল কে ছিলেন? [জাবি (সি ইউনিট): ১৬-১৭]
ক) ইংরেজ পুরাকীর্তি সংগ্রাহক
খ) ফ্রান্সের বিখ্যাত সন্ন্যাসী
গ) বিখ্যাত মার্কিন যাজক
ঘ) প্রাচীন মিশরীয় প্রত্নতাত্ত্বিক উত্তর: ক

১৭. আমেরিকার প্রাচীনতম বিশ্ববিদ্যালয় কোনটি? [শাবিপ্রবি (এ ইউনিট): ১৮-১৯]
ক) স্টামফোর্ড
খ) ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া
গ) কলাম্বিয়া
ঘ) হার্ভার্ড উত্তর: ঘ

১৮. 'উম্মুল কুরা' বিশ্ববিদ্যালয় – [রাবি (এ-৪ ইউনিট): ১২-১৩]
ক) মক্কা খ) মদিনা
গ) খায়বার ঘ) জেরুজালেম উত্তর: ক

Scanned with CamScanner

ব্রেইল




ব্রেইল পদ্ধতি হলো, কাগজের উপর ছয়টি বিন্দুকে ফুটিয়ে তুলে লেখার এক বিশেষ কৌশল। এ পদ্ধতিতে ছয়টি বিন্দু নানাভাবে স্থাপিত হয়ে অক্ষর ও শব্দ তৈরি করে। দৃষ্টিহীন ব্যক্তিরা এই উত্তল বিন্দুগুলো স্পর্শ করে অক্ষর ও শব্দ অনুধাবনের মাধ্যমে পড়তে পারেন। ১৮২৯ সালে ফরাসি শিক্ষাবিদ লুই ব্রেইল এ পদ্ধতি আবিষ্কার করেন।

### বইমেলা

প্রতি বছর অক্টোবর মাসে জার্মানির ফ্রাঙ্কফুট শহরে বিশ্বের সর্ববৃহৎ আন্তর্জাতিক বই মেলা আয়োজিত হয়।

## MCQ Solution

১. **A form of written language for blind people is known as?** [IFIC Bank Transaction Service Officer : 19

ⓐ Braille ⓑ Elysium
ⓒ Epicure ⓓ Aroson **Ans.**

২. **কোন বাল্য–অন্ধ ফরাসি, পরে অন্ধদের পাঠের জন্য লিখন রীতি ও মুদ্রণ পদ্ধতি আবিষ্কার করেন?** [রাবি (অ ইউনিট): ২০-২১]

ⓚ লুই পাস্তুর ⓛ জ্যঁ পল সাত্রে
ⓖ লুই ব্রেইল ⓘ জোয়ান-অব-আর্ক **উত্তর: গ**

৩. **ব্রেইল পদ্ধতি ব্যবহার করে –** [বাণিজ্য মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ২৩]

ⓚ শ্রবণ প্রতিবন্ধীরা ⓛ দৃষ্টি প্রতিবন্ধীরা
ⓖ মানসিক প্রতিবন্ধীরা ⓘ কোনোটিই নয় **উত্তর: খ**

৪. **ফ্রাঙ্কফুর্ট শহরটি যে জন্য বিখ্যাত?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]

ⓚ আইস হকি ⓛ বই মেলা
ⓖ ঔষধ পণ্য ⓘ কৃষি পণ্য **উত্তর: খ**

৫. **বিশ্বের বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয়-** [ঢাবি (ঘ ইউনিট): ০৬-০৭]

ⓚ কোলকাতা ⓛ ফ্রাঙ্কফুর্ট
ⓖ লন্ডন ⓘ নিউইয়র্ক **উত্তর: খ**

৬. **New Collegiate একটি-** [রাবি (বি ইউনিট): ২৪-২৫]

ⓚ Institution ⓛ Television
ⓖ Robot ⓘ Dictionary **উত্তর: ঘ**

**ব্যাখ্যা :** মেরিয়াম-ওয়েবস্টার ১৮৯৮ সালে কলেজিয়েট অভিধান চালু করে।

# সাহিত্য ( Literature)

## সাহিত্যিক



**ফেরদৌসী** (৯৪০ - ১০২০ খ্রি.) পারস্য (ইরান)-এর একজন বিখ্যাত মহাকবি। তিনি সুলতান মাহমুদের দরবারের সভাকবি ছিলেন। ফার্সি ভাষায় রচিত তাঁর বিখ্যাত মহাকাব্য '*শাহনামা*'। '*শাহনামা*' মহাকাব্যের বঙ্গানুবাদ করেন মোজাম্মেল হক (ভারত) ও মনিরউদ্দীন ইউসুফ (বাংলাদেশ)। ফেরদৌসিকে 'প্রাচ্যের হোমার' বলা হয়।

**ওমর খৈয়াম** (১০৪৮ - ১১৩১ খ্রি.) পারস্যের একজন ফার্সি গণিতবিদ, দার্শনিক, জ্যোতির্বিদ ও কবি। তাঁর বিখ্যাত গ্রন্থ 'রুবাইয়াত' (চতুষ্পদী কবিতা)। গ্রন্থটি বঙ্গানুবাদ (রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম) করেন কবি কাজী নজরুল ইসলাম।

**জালাল উদ্দীন মোহাম্মাদ রুমী** (১২০৭-১২৭৩ খ্রি.) ছিলেন একজন ফার্সি সুফি, কবি ও ধর্মতত্ত্ববিদ। রুমির বিখ্যাত কাব্যগ্রন্থ 'মসনবী শরিফ'।

**শেখ সাদী** (১২১০ - ১২৯১ খ্রি.) ছিলেন একজন মধ্যযুগীয় ফার্সি কবি। *গুলিস্তান* (গোলাপ বাগান) ও *বুস্তান* তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ।

**তুলসীদাস** (১৫৩২ - ১৬২৩ খ্রি.) ছিলেন একজন ভারতীয় কবি, ধর্মসংস্কারক ও দার্শনিক। হিন্দু সম্প্রদায়ের দেবতা রামের জীবন কাহিনী অবলম্বনে তিনি '*রামচরিতমানস*' মহাকাব্য রচনা করেন।

**মির্জা গালিব** (১৭৯৭ - ১৮৬৯ খ্রি.) ছিলেন মুগল রাজদরবারের প্রসিদ্ধ উর্দু কবি।

**হাফিজ ইব্রাহিম** (১৮৭১ - ১৯৩২ খ্রি.) ছিলেন একজন বিখ্যাত মিশরীয় কবি। তাঁকে 'নীল নদের কবি' আখ্যা দেওয়া হয়।

**আল্লামা ইকবাল** (১৮৭৭ - ১৯৩৮ খ্রি.) একজন মুসলিম কবি এবং দার্শনিক। তিনি উর্দু ও ফার্সি ভাষায় কাব্য রচনা করতেন। তাঁকে পাকিস্তানের জাতীয় কবির মর্যাদা দেওয়া হয়।

**গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ** (১৯২৭ - ২০১৪ খ্রি.) একজন কলম্বীয় সাহিত্যিক। তিনি ছিলেন স্প্যানিস ভাষার অন্যতম শ্রেষ্ঠ ঔপন্যাসিক। '*One Hundred Years of Solitude*' (নিঃসঙ্গতার একশ বছর) গ্রন্থের জন্য তিনি নোবেল পুরস্কার (সাহিত্য, ১৯৮২) লাভ করেন।

## MCQ Solution

১. **কবি ফেরদৌসীর জন্মস্থান কোথায়?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তর মেডিক্যাল অফিসার: ৮৪]

ⓚ ইরাক ⓛ মিশর
ⓖ ইরান ⓘ তুরস্ক **উত্তর: গ**

Scanned with CamScanner

২. ফেরদৌসী কোন শাসকের সভাকবি ছিলেন? [ঢাবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ সুলতান মাহমুদ ⓚ মুহম্মদ বিন তুঘলক
ⓖ হোসেন শাহ ⓖ ফিরোজ শাহ তুঘলক উত্তর: ক

৩. **Ferdousi was -** [NCC Bank Ltd. MTO: 11]
ⓐ A Persian poet
ⓑ Well known for his epic '*Shahnameh*'
ⓒ both a & b
ⓓ None of the above Ans. c

৪. 'শাহনামা' মৌলিক গ্রন্থটি কার? [২৬তম বিসিএস/ ১৮তম বিসিএস]
ⓚ মালিক জয়সী ⓚ দৌলত উজির বাহরাম খান
ⓖ সৈয়দ হামজা ⓖ ফেরদৌসী উত্তর: ঘ

৫. 'শাহনামা' কোথাকার মহাকাব্য? [NBR সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ⓚ গ্রিস ⓚ রোম
ⓖ পারস্য ⓖ রাজস্থান উত্তর: গ

৬. 'শাহনামা' কোন ভাষায় রচিত? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা): ১৪]
ⓚ আরবি ⓚ ফারসি
ⓖ উর্দু ⓖ ফরাসি উত্তর: খ

৭. 'শাহনামা' বাংলায় অনুবাদ করেন- [ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক: ০৬]
ⓚ মোজাম্মেল হক ⓚ এয়াকুব আলী চৌধুরী
ⓖ সৈয়দ এমদাদ আলী ⓖ কাজী ইমদাদুল হক উত্তর: ক

৮. প্রাচ্যের হোমার কাকে বলা হয়? [রাবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ কালিদাস ⓚ গালিব
ⓖ ফেরদৌসি ⓖ ইকবাল উত্তর: গ

৯. **The authors of Shahnameh & Akbarnama are respectively-** [Standard Bank Probationary officer: 08]
ⓐ Firdausi and Abul Fazal
ⓑ Abul Fazal and Firdausi
ⓒ Abul Fazal and Sheikh sayed
ⓓ None of theam Ans. a

১০. ওমর খৈয়াম কোন দেশের কবি? [NSI এর সহকারী পরিচালক: ১৭]
ⓚ পাকিস্তান ⓚ ইরাক
ⓖ তুরস্ক ⓖ কোনোটিই নয় উত্তর: ঘ

১১. ওমর খৈয়ম কোন ভাষার শ্রেষ্ঠ কবি? [কারিগরি শিক্ষা অধিদপ্তর ইনস্ট্রাক্টর : ০৫]
ⓚ হিন্দি ⓚ উর্দু
ⓖ ফার্সি ⓖ আরবি উত্তর: গ

১২. জালালউদ্দিন রুমি কোন ভাষার কবি? [চবি (খ ইউনিট): ২০-২১]
ⓚ ফারসি ⓚ বাংলা
ⓖ ইংরেজি ⓖ ফরাসি উত্তর: ক

১৩. বিখ্যাত গ্রন্থ 'মসনবী শরীফ' এর রচয়িতা- [রাবি (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি): ০৮-০৯]
ⓚ আলাওল ⓚ আল্লামা জালাল উদ্দীন রুমী (রা)
ⓖ আবুল ফজল ⓖ মিনহাজ উস সিরাজ উত্তর: খ

১৪. শেখ সাদী কোন শতকের মুসলিম কবি? [ঢাবি (H ইউনিট): ১৭-১৮]
ⓚ পনেরো শতক ⓚ সতেরো শতক
ⓖ আঠারো শতক ⓖ উনিশ শতক উত্তর:
ব্যাখ্যা: তিনি ত্রয়োদশ শতকের কবি ছিলেন।

১৫. শেখ সাদী কোন ভাষার কবি ছিলেন? [পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ১৭]
ⓚ ফারসি ⓚ আরবি
ⓖ ফরাসি ⓖ তুর্কি উত্তর: ক

১৬. 'গুলিস্তাঁ' কে রচনা করেন? [চবি (বি) ইউনিট): ১৩-১৪]
ⓚ হাফিজ ⓚ ফেরদৌসি
ⓖ ওমর খৈয়াম ⓖ শেখ সাদী উত্তর: ঘ

১৭. 'নীল নদের কবি' কাকে বলা হয়? [রাবি (এ ইউনিট): ১৭-১৮]
ⓚ আহমাদ শাওকী ⓚ মারুফ রুসাফী
ⓖ মুতানাব্বী ⓖ হাফিজ ইব্রাহিম উত্তর: ঘ

১৮. মির্জা গালিব কোন ভাষার কবি? [চবি (বি ইউনিট): ১৯-২০]
ⓚ উর্দু ⓚ বাংলা
ⓖ আরবি ⓖ হিন্দি উত্তর: ক

১৯. **The Nobel Laureate Gabriel Garcia Marquez was born in-/** নোবেলজয়ী গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ কোন দেশে জন্মগ্রহণ করেন? [FSIBL Officer : 14]
ⓐ Venezuela ⓑ Colombia
ⓒ Argentina ⓓ Equador Ans. b

২০. অনূদিত গ্রন্থ 'নিঃসঙ্গতার একশ বছর' এর মূল লেখক - [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ১৬]
ⓚ লিও তলস্তয়
ⓚ গাব্রিয়েল গার্সিয়া মার্কেজ
ⓖ রাহুল সাংকৃত্যায়ন
ⓖ দস্তয়ভস্কি উত্তর: খ

## নাট্যকার

***ভরত মুনি*** ভারতীয় নাট্যধারার জনক। তিনি সংস্কৃত ভাষায় নাটক রচনা, মঞ্চায়ন ও অভিনয়বিষয়ক 'নাট্যশাস্ত্র' রচনা করেছেন।

***ইউজিন ও'নিল*** সাহিত্যে নোবেলজয়ী একজন মার্কিন নাট্যকার। তাঁর বিখ্যাত নাটক *Desire Under the Elms, Mourning Becomes Electra* ও *Anna Christie* সহ প্রভৃতি।

***ব্রের্টোল্ট ব্রেখ্‌ট*** একজন জার্মান নাট্যকার ও কবি।

***ওলে সোয়েংকা*** একজন নাইজেরীয় নাট্যকার ও কবি। তিনি প্রথম কৃষ্ণাঙ্গ-আফ্রিকান ব্যক্তি হিসেবে সাহিত্যে নোবেল পুরস্কার (১৯৮৬ খ্রি.) জয় করেন।

***কান্নামী*** এবং তাঁর পুত্র ***যিয়ামি*** ছিলেন বিখ্যাত জাপানিজ নাট্যধারা 'নো' (Noh) এর অগ্রদূত।

Scanned with CamScanner

## MCQ Solution

১. 'নাট্যশাস্ত্র' গ্রন্থের রচয়িতা কে? [জবি (ই ইউনিট): ১৫-১৬]
ⓚ মাতঙ্গমুনি ⓚ আচার্য কৈলাশচন্দ্র বৃহস্পতি
ⓖ সারঙ্গদেব ⓖ ভরতমুনি **উত্তর: ঘ**

২. 'ভরত নাট্যশাস্ত্র' এর উৎপত্তিস্থল কোথায়? [জবি (ই ইউনিট):১৬-১৭]
ⓚ ভারত ⓚ শ্রীলঙ্কা
ⓖ গ্রিস ⓖ নেপাল **উত্তর: ক**

৩. ব্রের্টোল্ট ব্রেখ্‌ট্ কে? [জবি (আই ইউনিট): ১৯-২০]
ⓚ একজন জার্মান নাট্যকার
ⓚ একজন ফরাসি নাট্যকার
ⓖ একজন ইতালীয় নাট্যকার
ⓖ একজন জাপানি ঔপন্যাসিক **উত্তর: ক**

৪. নোবেল প্রাইজ প্রাপ্ত কৃষ্ণাঙ্গ নাট্যকার কে? [জাককানইবি (বি ইউনিট):১৪-১৫]
ⓚ জাঁ পল সাত্র ⓚ আর্থার মিলার
ⓖ ওলো সোয়েংকা ⓖ স্যামুয়েল বেকেট **উত্তর: গ**

৫. 'ইউজিন ও'নিল' রচিত নাটক কোনটি? [জবি (গ ইউনিট): ১৬-১৭]
ⓚ ডেথ অফ ও সেলস্‌ম্যান
ⓚ এ মিড সামার নাইটস ড্রিম
ⓖ ডিজায়ার আন্ডার দি এলমস্
ⓖ এ স্ট্রিট কার নেমড ডিজায়ার **উত্তর: গ**

## বিখ্যাত গ্রন্থ

| গ্রন্থ | লেখক | পরিচয় |
|---|---|---|
| Ancient Society | লুই হেনরি মর্গান | মার্কিন নৃতাত্ত্বিক |
| Suicide (1897) | ডেভিড এমিল ডুর্খাইম | ফরাসি সমাজবিজ্ঞানী |
| The Indian Musalmans | ডব্লিউ হান্টার | |
| The Road to Mecca | মুহাম্মাদ আসাদ | |
| Asian drama | গুনার মিরডাল | অর্থনীতিতে নোবেলজয়ী |
| The Judgement | কুলদীপ নায়ার | ভারতীয় সাংবাদিক |
| Orientalism | এডওয়ার্ড সাঈদ | ফিলিস্তিনি বংশোদ্ভূত মার্কিন বুদ্ধিজীবী |
| Globalization & Its Discontents | জোসেফ ই স্টিগলিজ | নোবেলজয়ী মার্কিন অর্থনীতিবিদ |

## MCQ Solution

১. 'Ancient Society' বইটি কার লেখা? [GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় (বি ইউনিট) : ২৪-২৫/ জবি (বি ইউনিট): ১৬-১৭]
ⓚ এল. এইচ. মর্গান ⓚ ই. বি. টাইলর
ⓖ হেনরি মেইন ⓖ জেমস ফ্রেইজার **উত্তর: ক**

২. Suicide (1897) বইটি লিখেছে –[শাবিপ্রবি (মানবিক): ০৯-১০]
ⓚ Karl Marx
ⓚ David Emile Durkheim
ⓖ Friedrich Engels
ⓖ Michel foucault **উত্তর: খ**

৩. 'দি রোড টু মক্কা' বইয়ের লেখক কে? [PSC'র সহকারী পরিচালক: ০৪]
ⓚ মুরাদ হফম্যান ⓚ নিকিতা খাওয়া
ⓖ মুহাম্মদ আসাদ ⓖ আহমদ **উত্তর: গ**

৪. The Asian Drama- গ্রন্থের রচয়িতা কে? [২৩তম বিসিএস]
ⓚ অমর্ত্য সেন ⓚ গুনার মিরডাল
ⓖ মাইকেল লিফটন ⓖ উইলিয়াম রস্টো **উত্তর: খ**

৫. 'ওরিয়েন্টালিজম' গ্রন্থের লেখক কে? [ঢাবি (চ ইউনিট): ১৭-১৮]
ⓚ এডওয়ার্ড সাঈদ ⓚ কার্ল মার্ক্স
ⓖ এডাম স্মিথ ⓖ রবার্ট রজার্স **উত্তর: ক**

৬. কোনটি জোসেফ ই স্টিগলিজের রচনা? [ঢাবি (ঘ ইউনিট): ০৪-০৫]
ⓚ Passage to India
ⓚ Globalization and Its Discontents
ⓖ Development as Freedom
ⓖ States and markets **উত্তর: খ**

৭. 'দি ইন্ডিয়ান মুসলিমস' গ্রন্থের প্রণেতা– [সিজিএ এর 'অধীক্ষক': ৯৮]
ⓚ ডব্লিউ হান্টার ⓚ খন্দকার ফজলে রাব্বী
ⓖ সৈয়দ আহম্মদ খান ⓖ এইচ বেভারলি **উত্তর: ক**

৮. The second sex- গ্রন্থের রচয়িতা কে? [জবি (ই ইউনিট): ১৫-১৬]
ⓚ হ্যারল্ড লাস্কি ⓚ সিমোন দ্য বিউভোয়ার
ⓖ জন লক ⓖ জেমস মিল **উত্তর: খ**

৯. The author of the famous book 'The Judgement' is —[CU (E Unit): 11-12]
ⓐ Amrtya Sen ⓑ Kuldip Nayer
ⓒ Nelson Mandela
ⓓ R.Venkataraman **Ans. b**

## আরবি সাহিত্য

১) **প্রাক- ইসলামী যুগ:** 'আইয়্যামে জাহেলিয়্যা' আরবি শব্দ। 'আইয়্যাম' অর্থ যুগ এবং 'জাহেলিয়্যা' অর্থ তমসা, অজ্ঞতা। আইয়্যামে জাহেলিয়্যা বলতে ইসলামপূর্ব অরাজক ও বিশৃঙ্খল সময়কে বোঝায়। ইসলামের আবির্ভাবের অব্যবহিত পূর্বের একশত বছরকে জাহেলি যুগ (৫১০ - ৬১০ খ্রি.) বলে। জাহেলি যুগের সর্বশ্রেষ্ঠ কবি ছিলেন ইমরুল কায়েস। তাঁকে কবিদের রাজপুত্র, আরবি কাব্যের জনকও বলা হয়। ইউরোপীয় সমালোচকগণ তাঁর উৎকৃষ্ট শব্দ চয়ন ও সাবলীল রচনাশৈলীতে মুগ্ধ হয়ে তাঁকে 'আরবের শেক্সপিয়র' বলে আখ্যায়িত করেন। তাঁর বিখ্যাত কাব্য সংকলন 'মুআল্লাকা'। জাহেলি যুগের কবি হাতিম তাঈ দানশীলতা জন্য আজও স্মরণীয় হয়ে আছেন।

Scanned with CamScanner

মক্কার নিকটবর্তী স্থানে জিলকদ মাসে 'উকায' মেলা হতো। মেলায় কবিতা প্রতিযোগিতায় সেরা সাতটি কবিতাকে কাবাঘরের দেওয়ালে ঝুলিয়ে দেওয়া হতো যা 'সাবায়ে মুয়াল্লাকাত' বা ঝুলন্ত কবিতা নামে পরিচিত। এ যুগেই সূচনা হয় প্রিয়জনের প্রশংসাসূচক গীতিকাব্য 'কাসীদা'।

২) প্রাথমিক ইসলামি যুগ (৬১০ - ৭৫০ খ্রি.)

৩) আব্বাসি যুগ (৭৫০ -১২৫৮ খ্রি.): 'One Thousand and One Nights' মধ্যপ্রাচ্যের গল্প এবং লোককথার সংকলন যা ইসলামি সাহিত্যের স্বর্ণযুগে আরবিতে সংগৃহিত হয়েছিল। এটি 'Arabian Nights' নামেও এটি পরিচিত।

৪) অবক্ষয় যুগ (১২৫৯ - ১৭৯৭ খ্রি.)

৫) আধুনিক যুগ (১৭৯৮ - আজ পর্যন্ত): নেপোলিয়নের মিশর আক্রমণ (১৭৯৮ খ্রি.) এর পর আরবি সাহিত্যের পুনর্জাগরণ (Renaissance) শুরু হয় এবং মিশর এই পুনর্জাগরণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়। মিশরীয় সাহিত্যিক নাগীব মাহফুজ ইসলামি উপন্যাসের জনক এবং মিশরীয় কবি আহমদ শাওকিকে 'কবিদের রাজপুত্র' বলা হয়।

## MCQ Solution

১. আইয়্যামে জাহেলিয়া শব্দদ্বয়ের অর্থ - [ইবি (জি ইউনিট): ০৪-০৫]
ক আলোকিত সময় খ বিশৃংখলার সময়
গ শঠতার যুগ ঘ তমসার যুগ **উত্তর: ঘ**

২. আরবি কাব্যের জনক কে? [ইবি (বি ইউনিট): ০৩-০৪]
ক হাফিজ ইব্রাহীম খ হাসসান বিন সাবিত
গ ইমরুল কায়েস ঘ আহমাদ শাওকী **উত্তর: গ**

৩. ইমরুল কায়েস একজন - [ঢাবি (খ ইউনিট): ১৭-১৮]
ক চিত্রশিল্পী খ বিজ্ঞানী
গ কবি ঘ প্রেসিডেন্ট **উত্তর: গ**

৪. ইমরুল কায়েস কোন ভাষার শ্রেষ্ঠ কবি? [মাউশি'র উচ্চমান সহকারী : ২১]
ক আরবি খ ফার্সি
গ রুশ ঘ সংস্কৃত **উত্তর: ক**

৫. জাহেলি যুগের 'কবি' সম্রাট কে? [রাবি (এ ইউনিট): ১২-১৩]
ক লাবীদ খ আনতারা
গ তুরাফা ঘ ইমরুল কায়েস **উত্তর: ঘ**

৬. প্রাক ইসলামি যুগে 'কবিদের রাজপুত্র' স্বীকৃতি পেয়েছিলেন? [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ক ইমরুল কায়েস খ আমর ইবনে কুলসুম
গ লাবিদ ঘ নাবিগা **উত্তর: ক**

৭. প্রাক ইসলামি যুগের কোন কবিকে আরবদের শেক্সপিয়র বলা হয়? [রাবি (এ ইউনিট): ১০-১১]
ক আমর ইবন কুলসুম খ জুহাইর ইবনআবি সালমা
গ লবিদ ইবন রাবিয়া ঘ ইমরুল কায়েস **উত্তর: ঘ**

৮. দানবীর 'হাতিম তাঈ' কোন যুগের ছিলেন? [চবি (বি২ আরবি): ১৫-১৬]
ক জাহিলি যুগের
খ আব্বাসীয় যুগের
গ উমাইয়া যুগের
ঘ ফাতেমী যুগের **উত্তর: ক**

৯. 'উকায মেলা' কোন মাসে অনুষ্ঠিত হত? [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ক জিলহজ খ মহররম
গ সফর ঘ জিলক্বদ **উত্তর: ঘ**

১০. কাসীদা শব্দের অর্থ কি? [ইবি (জি ইউনিট): ০৪-০৫]
ক গীতি কবিতা খ মহাকাব্য
গ ঝুলন্ত কবিতা ঘ কোনোটিই নয় **উত্তর: ক**

১১. 'আরব্য রজনীতে' রাতের সংখ্যা কত? [চবি (বি ৪): ১৪-১৫]
ক ৯০১ খ ৭০০
গ ১০০১ ঘ ৫০৫ **উত্তর: গ**

১২. আরবি সাহিত্যের আধুনিক যুগ কোন সন থেকে আরম্ভ হয়? [চবি (বি ২ ইউনিট): ১৪-১৫]
ক ১৮৯৮ খ্রি. খ ১৭৯৮ খ্রি.
গ ১৮০০ খ্রি. ঘ ১৯০০ খ্রি. **উত্তর: খ**

১৩. আরবি সাহিত্যে রেনেসাঁ আরম্ভ হয় - [ইবি (বি ইউনিট): ০৫-০৬]
ক ১৫৫৫ খ ১৭৯৮
গ ১৮৫২ ঘ ১৯১৮ **উত্তর: খ**

১৪. আধুনিক আরবি সাহিত্যের বিকাশে কোন দেশের ভূমিকা বেশি? [চবি (বি১ ইউনিট) : ১১-১২]
ক মিশর খ মরক্কো
গ সৌদি আরব ঘ ইরাক **উত্তর: ক**

১৫. ইসলামি উপন্যাসের জনক - [ইবি (বি ইউনিট): ০৮-০৯]
ক নাগীব মাহফুজ খ ড. নজীব আল কিলানী
গ হাফেজ ইব্রাহীম ঘ আহমদ শাওকী **উত্তর: ক**

১৬. আহমদ শাওকী কোন দেশের কবি? [চবি (বি ২ আরবি): ১৫-১৬]
ক ইরাক খ ফিলিস্তিন
গ মিশর ঘ সিরিয়া **উত্তর: গ**

## গ্রন্থাগার

| গ্রন্থাগারের নাম | অবস্থান | তথ্যকণিকা |
|---|---|---|
| দ্যা ব্রিটিশ লাইব্রেরি | লন্ডন, যুক্তরাজ্য | পুস্তক সংখ্যার বিচারে পৃথিবীর বৃহত্তম গ্রন্থাগার |
| লাইব্রেরি অব কংগ্রেস | ওয়াশিংটন ডি.সি, যুক্তরাষ্ট্র | পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম গ্রন্থাগার |
| ন্যাশনাল লাইব্রেরি অব চায়না | বেইজিং, চীন | |
| লাইব্রেরি অব দ্যা রাশিয়ান একাডেমি অব সায়েন্স | সেন্ট পিটার্সবার্গ, রাশিয়া | |

Scanned with CamScanner

### MCQ Solution

১. পৃথিবীর বৃহত্তম গ্রন্থাগার / **Largest library in the world** - [খুলনা শাখার সি. অফিসার (ক্যাশ): ১৩]
ⓐ Woodburn Library
ⓑ The British Library
ⓒ Library of Congress
ⓓ National Library of India **Ans. b**

২. **লাইব্রেরি অব কংগ্রেস কোথায় অবস্থিত?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্স জুনিয়র মার্কেটিং সহকারী : ১৬]
ⓚ নিউইয়র্কে ⓚ ওয়াশিংটন ডি.সিতে
ⓖ ভার্জিনিয়াতে ⓖ শিকাগোতে **উত্তর: খ**

৩. **একাডেমি অব সায়েন্স কোন দেশের বিখ্যাত লাইব্রেরি?** [খাদ্য অধিদপ্তরের উপ খাদ্য পরিদর্শক: ২১]
ⓚ যুক্তরাজ্য ⓚ ফ্রান্স
ⓖ রাশিয়া ⓖ জার্মানি **উত্তর: গ**

## ISBN

**আন্তর্জাতিক মান পুস্তক সংখ্যা** (International Standard Book Number : ISBN) সকল বইয়ের বারকোড চিহ্নিত-করণের জন্য একটি অনন্য সংখ্যায়ন পদ্ধতি যা বাণিজ্যিকভাবে ব্যবহৃত হয়ে থাকে।

### MCQ Solution

১. **ISBN যে বিষয়ের সঙ্গে সম্পর্কিত-** [চাবি (চারুকলা): ২৪-২৫]
ⓚ টিভি চ্যানেল ⓚ জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনী
ⓖ বই ও প্রকাশনা ⓖ গ্রিনহাউজ **উত্তর: গ**

২. **ISBN- এর সঠিক পূর্ণরূপ কোনটি?** [মাউশি অধিদপ্তরে উচ্চমান সহকারী : ২১]
ⓐ International Standard Bank Number
ⓑ International Standard Book Number
ⓒ Intermediate Standard Book Number
ⓓ Initial Standard Bandwidth Number **Ans. b**

## দর্শন (Philosophy)

| | |
|---|---|
| দর্শনের জনক | সক্রেটিস |
| আধুনিক দর্শনের জনক | ডেকার্ট |
| মুসলিম দর্শনের জনক | আল কিন্দি |

**আবু নাসের মুহাম্মদ আল-ফারাবি** (৮৭০-৯৫০ খ্রি.) ছিলেন একজন বিখ্যাত মুসলিম দার্শনিক। প্রাচ্যের সুধী সমাজে এরিস্টটল 'মুয়াল্লিম আউয়াল' (প্রথম গুরু) এবং আল-ফারাবী 'মুয়াল্লিম সানী' (দ্বিতীয় গুরু) হিসেবে খ্যাত।

**ইবনে খালদুন** (১৩৩২ - ১৪০৬ খ্রি.) ছিলেন মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ দার্শনিকদের মধ্যে অন্যতম। তিনি তিউনিসিয়ায় জন্মগ্রহণ করেন। তাঁর প্রধান কীর্তি হলো 'কিতাবুল ইবার' (৭ খণ্ড) নামক ইতিহাসগ্রন্থ। প্রথম খণ্ড 'মুকাদ্দিমা' (Muqaddimah) তাঁর শ্রেষ্ঠ অবদান।

**থমাস হবস** (১৫৮৮- ১৬৭৯ খ্রি.) একজন ইংরেজ দার্শনিক। তিনি 'Leviathan' নামক গ্রন্থে 'সামাজিক চুক্তি তত্ত্ব' ধারণা প্রতিষ্ঠা করেন। তাঁর বিখ্যাত উক্তি -
- মানুষ স্বভাবতই স্বার্থপর ও আত্মকেন্দ্রিক।
- *Knowledge is power.*
- *Leisure is the mother of philosophy.*

**ইমানুয়েল কান্ট** (১৭২৪ - ১৮০৪ খ্রি.) একজন বিখ্যাত জার্মান দার্শনিক।

**অগাস্ট কোঁৎ** (১৭৯৮ - ১৮৫৭ খ্রি.) একজন ফরাসি দার্শনিক। তাঁকে সমাজবিজ্ঞানের জনক বলা হয়।

**বার্ট্রান্ড আর্থার উইলিয়াম রাসেল** (১৮৭২-১৯৭০ খ্রি.) একজন ব্রিটিশ দার্শনিক, গণিতবিদ এবং সাহিত্যিক। তাঁর মতে, ধর্মতত্ত্ব ও বিজ্ঞানের মধ্যবর্তী যে অনধিকৃত রাজ্য (No Man's Land) তাতেই দর্শন বিচরণ করে চলেছে। দার্শনিক হলেও তিনি সাহিত্যে নোবেল পুরস্কার (১৯৫০ খ্রি.) লাভ করেন। তাঁর বিখ্যাত গ্রন্থ- *Proposed Roads to Freedom, Power: A New Social Analysis, Political Ideals*।



### MCQ Solution

১. **আধুনিক দর্শনের জনক কে?** [রাবি (এ ইউনিট): ১৩-১৪]
ⓚ বেকন ⓚ ডেকার্ট
ⓖ হিউম ⓖ কান্ট **উত্তর: খ**

২. **মুসলিম দর্শনের জনক কে?** [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ আল-কিন্দি ⓚ আল-ফারাবি
ⓖ ইবনে সিনা ⓖ আল বেরুনি **উত্তর: ক**

৩. **'মুয়াল্লিম আল সানী' বলা হয় কোন দার্শনিককে?** [রাবি (এ-১ ইউনিট): ১২-১৩]
ⓚ আল কিন্দি ⓚ আল ফারাবী
ⓖ আল রাযী ⓖ ইবনে খালদুন **উত্তর: খ**

৪. **প্রখ্যাত দার্শনিক ইবনে খালদুন যে দেশের-** [রাবি (ইসলামের ইতিহাস) : ০৮-০৯]
ⓚ মরক্কো ⓚ আলজেরিয়া
ⓖ তিউনিসিয়া ⓖ লিবিয়া **উত্তর: গ**

৫. **ইবনে খালেদুন একজন বিখ্যাত-** [CGA'র হিসাবরক্ষণ কর্মকর্তা: ৯৬]
ⓚ চিকিৎসক ⓚ পর্যটক
ⓖ দার্শনিক ⓖ সেনাপতি **উত্তর: গ**

Scanned with CamScanner

৬. 'কিতাবুল ইবার' - এর লেখক কে? [চবি (বি ইউনিট): ১৮-১৯]
ⓚ বার্ট্রান্ড রাসেল ⓚ ইবনে খালদুন
ⓖ হেগেল ⓘ নীট্‌শে উত্তর: খ

৭. 'লেভিয়াঁথা' গ্রন্থের লেখক কে? [ইবি (সি ইউনিট): ০৯-১০]
ⓚ হবস ⓚ রুশো
ⓖ মন্টেস্কু ⓘ কার্ল মার্ক্স উত্তর: ক

৮. মানুষ স্বভাবতই স্বার্থপর ও আত্মকেন্দ্রিক - উক্তিটি কার? [ইবি (এফ ইউনিট): ১০-১১]
ⓚ লর্ড এ্যাটকনের ⓚ কোঁতের
ⓖ টমাস হবস ⓘ প্লেটো উত্তর: গ

৯. 'Knowledge is power' was stated by - [IU (BBA): 11-12]
ⓐ Hobbes ⓑ Mills
ⓒ Socrates ⓓ Rousseau Ans. a

১০. ইমানুয়েল কান্ট কোন দেশে জন্মেছিলেন? [চবি (বি১ ইউনিট): ১৩-১৪]
ⓚ জার্মানি ⓚ ফ্রান্স
ⓖ ইতালি ⓘ রাশিয়া উত্তর: ক

১১. অগাস্ট কোৎ কে? [কুবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ শিল্পী ⓚ ফরাসি সমাজবিজ্ঞানী
ⓖ রাশিয়ার বিজ্ঞানী ⓘ সমাজসেবী উত্তর: খ

১২. সমাজবিজ্ঞানের জনক কে? [শাবিপ্রবি (বি ইউনিট) : ০৬-০৭]
ⓚ কার্ল মার্কস ⓚ অগাস্ট কোঁৎ
ⓖ ডুরখেইম ⓘ স্পেন্সার উত্তর: খ

১৩. Bertrand Russell was a British- [CU (E Unit): 10-11]
ⓐ journalist ⓑ scientist
ⓒ politician ⓓ philosopher Ans. d

১৪. কোন ব্যক্তি একাধারে গণিতবিদ, দার্শনিক ও সাহিত্যিক? [ঢাবি (খ ইউনিট): ০৬-০৭]
ⓚ গ্যেটে ⓚ মোপাসি
ⓖ রাসেল ⓘ রবীন্দ্রনাথ উত্তর: গ

১৫. "দর্শন হচ্ছে ধর্ম ও বিজ্ঞানের মধ্যবর্তী এক অনধিকৃত প্রদেশ।"- উক্তিটি কে করেছেন?
ⓚ আর. বি. পরি ⓚ প্লেটো
ⓖ সি. ডি. ব্রড ⓘ বার্ট্রান্ড রাসেল উত্তর: ঘ

১৬. The author of 'Road of Freedom' is- [সোনালি, জনতা এবং অগ্রণী ব্যাংক: ০৮]
ⓐ John Keats ⓑ Bertrand Russell
ⓒ G B Shaw ⓓ Goldsmith Ans. b

১৭. 'Power: A New Social Analysis' গ্রন্থটি কার লেখা? [৩৬তম বিসিএস]
ⓚ ম্যাকিয়াভেলি ⓚ হবস্
ⓖ লক ⓘ রাসেল উত্তর: ঘ

১৮. 'Political Ideals' গ্রন্থের লেখক কে? [৪১তম বিসিএস]
ⓚ মেকিয়াভেলি ⓚ রাসেল
ⓖ প্লেটো ⓘ এরিস্টটল উত্তর: খ

## শিল্পকলা (Arts)

মানুষের মনের সৃজনশীল কর্মকাণ্ডের সামগ্রিক রূপ হচ্ছে শিল্পকলা। যেমন- ইকেবানা হলো ফুল সাজানোর শৈল্পিক জাপানি রীতি। অরিগামি একটি ঐতিহ্যবাহী জাপানি শিল্প যা কাগজ ভাঁজ করে বিভিন্ন আকৃতি তৈরি করার কৌশল। সমগ্র শিল্পকলা প্রধানত দুইটি ধারায় বিভক্ত। যথা- চারুশিল্প এবং কারুশিল্প।

### চারুশিল্প (Fine Arts)

চারুশিল্প হলো সেই সকল শিল্প যার মাধ্যমে মানুষের সৃজনশীল মনের স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশ ঘটে। মানুষের দৃষ্টি ও মনকে আনন্দ দেয়াই এর উদ্দেশ্য। যেমন- দৃশ্যকলা, চিত্রকলা, ভাস্কর্য, স্থাপত্য, সঙ্গীত, কাব্য, নাট্যকলা, নৃত্যকলা প্রভৃতি।

*ভাস্কর্য (Sculpture)* একটি ত্রিমাত্রিক শিল্প, যেখানে কঠিন পদার্থ যেমন পাথর, মাটি বা ধাতু দিয়ে শিল্পকর্ম তৈরি করা হয়।

*চিত্রকলা* : খসড়া চিত্রকে স্কেচ (Sketch) বলে। বিনা অনুমতিতে জনসাধারণের চোখে পড়ে এমন কোনো পৃষ্ঠ যেমন দেয়াল, দরজা ইত্যাদিতে শৈল্পিক উপায়ে লেখা বা আঁকা ছবিকে গ্রাফিতি (Graffiti) বলে।

*সংগীত (Music)* দ্বারা গীত, বাদ্য, নৃত্য এই তিনটি বিষয়ের সমাবেশ বোঝানো হয়। অনেক শিল্পী একত্রে যে গান গায় তার নাম কোরাস। সাম্বা এক ধরনের ব্রাজিলীয় গান ও নৃত্য। সর্বকালের সেরা সংগীতজ্ঞদের মধ্যে অস্ট্রীয় সুরস্রষ্টা মোৎসার্ট, জার্মান সুরকার বেটোফেন প্রমুখ উল্লেখযোগ্য। শ্রবণশক্তি হারিয়েও বেটোফেন সর্বকালের সেরা অনেক সঙ্গীত সৃষ্টি করেন।

*নাট্যকলা (Theatre)* হলো দর্শকের সম্মুখে স্থাপিত মঞ্চে অভিনীত নাটক। সর্বপ্রথম নাট্যশিল্পের উদ্ভব ঘটে গ্রিসে। বিশ্ব থিয়েটার সংস্থা (International Theatre Institute : ITI) এর সদর দপ্তর ফ্রান্সের প্যারিসে অবস্থিত। জাপানের ঐতিহ্যবাহী নাটক নোহ্ ও কাবুকি।

### কারুশিল্প (Crafts)

কারুশিল্প তৈরি হয় মানুষের ব্যবহারিক প্রয়োজন মাথায় রেখে। কারুশিল্প যদিও শিল্প তবুও তা কেবল মানুষকে আনন্দ দেবার জন্য বা দৃষ্টিকে আনন্দ দেবার জন্য তৈরি হয় না, এ শিল্প মানুষের ব্যবহারিত কাজে প্রয়োজন হয়। যেমন- দা, কোদাল, হাঁড়ি, কলসি, মটকা, খাট-পালঙ্ক, দরজা, বাঁশ-বেতের বেড়া, কাঁসার থালা, ঘটি, পিতলের কলসি প্রভৃতি। কারুশিল্পের শাখাগুলো হচ্ছে মৃৎশিল্প, বেতশিল্প, দারুশিল্প, তাঁতশিল্প, চর্মশিল্প প্রভৃতি। দারুশিল্প হচ্ছে কাঠের গায়ে খোদায় করা নকশা। কারুশিল্পের ধারায় তৈরি আরো কিছু শিল্প আছে যেগুলোকে আমরা লোকশিল্প (Folk Arts) হিসেবে চিহ্নিত করে থাকি।

Scanned with CamScanner

কারুকলা যখন বংশানুক্রমে চলতে থাকে অথবা একই মটিভ বা নক্সা বিভিন্ন কারুশিল্পীগণ কারুশিল্পে প্রয়োগ করে, তখনই তা লোকশিল্পে রূপ নেয়। নকশীকাঁথা ও জামদানী শাড়ী আমাদের দেশের ঐতিহ্যবাহী লোকশিল্পের উৎকৃষ্ট উদাহরণ। এছাড়া লক্ষী শরা, সখের হাঁড়ি, নকশী পাতিল, নকশী শিকা, নকশী পিঠা, নকশী পুতুল, শীতল পাটি, আল্পনা, উল্কি, গরু গাড়ীর ছই, পালকি, গাজীরপট, সরাচিত্র, পটচিত্র, পোড়ামাটির ফলকচিত্র এ সবই লোকশিল্পের উদাহরণ।

টেরাকোটা (Terracotta) অর্থ পোড়ামাটির ফলক। 'টেরা' অর্থ মাটি আর 'কোটা' অর্থ পোড়ানো। নকশা করা মাটির ফলক বা জিনিস ইটের মতো পুড়িয়ে তৈরি করা হতো টেরাকোটা।

পটচিত্র হলো পট (কাপড়)-এ অঙ্কিত বিভিন্ন চিত্র। যারা পটচিত্র অঙ্কন করেন, তাদের পটুয়া বলা হয়।

## MCQ Solution

১. এক ধরনের জাপানি শিল্পশৈলী 'ইকেবানা' হল – [ঢাবি (চ ইউনিট): ১৭-১৮]
ক ফুলসজ্জা খ কাগজের কারুশিল্প শৈলী
গ স্থাপত্য অলঙ্করণ শৈলী ঘ বনসাই **উত্তর: ক**

২. 'অরিগেমি' কিসের শিল্প? [RAKUB সুপারভাইজার: ১৫]
ক বেত খ বাঁশ
গ কাগজ ঘ কাঠ **উত্তর: গ**

৩. মোজার্ট কে ছিলেন? [ঢাবি (চ ইউনিট): ২১-২২]
ক নাট্যকার খ সংগীতস্রষ্টা
গ লেখক ঘ চিত্রকর **উত্তর: খ**

৪. সুরস্রষ্টা মোজার্ট কোন দেশের অধিবাসী? [ঢাবি (চ ইউনিট): ১৬-১৭]
ক ইতালি খ অস্ট্রিয়া
গ রাশিয়া ঘ জার্মানি **উত্তর: খ**

৫. 'কোরাস কি? [রাবি (বি ইউনিট): ১২-১৩]
ক উচ্চস্বরে সংলাপ খ সমবেত সংগীত
গ সমবেত যন্ত্রসংগীত ঘ নির্বাক অবস্থান **উত্তর: খ**

৬. The country famous for Samba dance is- /কোন দেশ সাম্বা নৃত্যের জন্য বিখ্যাত? [First Security Islami Bank Ltd. Probationary Officer: 09]
ⓐ Brazil ⓑ Argentina
ⓒ Peru ⓓ Bolivia **Ans. a**

৭. শ্রবণশক্তি হারিয়েও বিশ্ববিখ্যাত সংগীতজ্ঞ হয়েছিলেন কে? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ই ইউনিট): ১৭-১৮]
ক Beethoven খ Mozart
গ Haydn ঘ Handle **Ans. a**

৮. কঠিন পদার্থ যেমন পাথর, ধাতু ইত্যাদি দিয়ে তৈরি শিল্পকর্মকে কী বলে? [চবি (বি ইউনিট): ২৪-২৫]
ক ভাস্কর্য খ চিত্রকলা
গ গ্রাফিক আর্টস ঘ কোনোটিই নয় **উত্তর: ক**

৯. কোনটি ত্রিমাত্রিক শিল্প? [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ক ফ্রেস্কো খ তৈলচিত্র
গ ছাপচিত্র ঘ ভাস্কর্য **উত্তর: ঘ**

১০. 'স্কেচ' অর্থ – [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক দৃশ্য চিত্র খ কালি-কলমে আঁকা চিত্র
গ খসড়া চিত্র ঘ পেন্সিলে আঁকা চিত্র **উত্তর: গ**

১১. গ্রাফিতি – [ঢাবি (চারুকলা) : ২৪-২৫]
ক গ্রাফিক প্রিন্ট
খ দেয়াললিপি ও দেয়ালচিত্র
গ গ্রাফাইটের দেয়াল
ঘ গ্রাফযুক্ত চিত্র **উত্তর: খ**

১২. 'নাট্যকলা' শব্দের ইংরেজি প্রতিশব্দ – [রাবি (এ-৬ ইউনিট): ১২-১৩]
ক Drama খ Script
গ Theatre ঘ ক ও খ উভয়ই **উত্তর: গ**

১৩. 'থিয়েটার' শব্দটির উৎপত্তি কোন দেশ থেকে? [জাবি (সি১ ইউনিট) : ২০-২১]
ক ইংল্যান্ড খ গ্রিস
গ ফিনল্যান্ড ঘ নরওয়ে **উত্তর: খ**

১৪. নাটকের উৎপত্তি কোথায়? [শ্রম পরিদপ্তরের মেডিক্যাল অফিসার: ০৫]
ক মিশরে খ স্পেনে
গ গ্রিসে ঘ লন্ডনে **উত্তর: গ**

১৫. I. T. I- এর পূর্ণরূপ কি? [রাবি (এ-৬ ইউনিট): ১২-১৩]
ক Indian Theatre Institute
খ International Theatre Institute
গ Indigenous Theatre Issue
ঘ Italian Theatre Institute **উত্তর: খ**

১৬. থিয়েটারের বিশ্ব সংস্থার সংক্ষিপ্ত রূপ- [জাবি (সি১ ইউনিট): ১৮-১৯]
ক WTI খ NTI
গ ITI ঘ ITO **উত্তর: গ**

১৭. 'নো' নাটক কোন দেশের? [রাবি (এ-৬ ইউনিট): ১২-১৩]
ক চীন খ নেপাল
গ ভুটান ঘ জাপান **উত্তর: ঘ**

১৮. 'কাবুকি' কোন দেশের নাট্যধারা? [জাককানইবি (ডি ইউনিট): ১৯-২০]
ক চীন খ জাপান
গ ভারত ঘ আফ্রিকা **উত্তর: খ**

১৯. দারুশিল্প কি? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (সি১ ইউনিট) : ১৯-২০]
ক কাদা দিয়ে তৈরি শিল্প খ কাঠ দিয়ে তৈরি শিল্প
গ দড়ি দিয়ে তৈরি শিল্প ঘ দস্তা দিয়ে তৈরি শিল্প **উত্তর: খ**

২০. Folk Art কী? [জাবি (সি১ ইউনিট): ১৮-১৯]
ক চারুশিল্প খ মৃৎশিল্প
গ লোকশিল্প ঘ দারুশিল্প **উত্তর: গ**

২১. 'আলপনা' কোন ধরনের শিল্প? [খুবি (খ ইউনিট): ১৭-১৮]
ক মৃৎশিল্প খ লোকশিল্প
গ কারুশিল্প ঘ দারুশিল্প **উত্তর: খ**

Scanned with CamScanner

২২. **'পটচিত্র'- কোন ধরনের শিল্প?** [চবি (বি) ইউনিট: চারুকলা): ১৮-১৯]
ⓚ ছাপচিত্র ⓚ চিত্রশিল্প
ⓖ বয়নশিল্প ⓖ মৃৎশিল্প **উত্তর: খ**

২৩. **'পটচিত্র' আঁকা হয়?** [ঢাবি (চ ইউনিট): ২১-২২]
ⓚ মৃৎপাত্রের উপর ⓚ কাঠের পাটার উপর
ⓖ ধাতুর পাতের উপর ⓖ কাপড়ের উপর **উত্তর: ঘ**

১৪. **টেরাকোটা কী?** [ঢাবি (চারুকলা) : ২৪-২৫]
ⓚ মাটির ফলক ⓚ পোড়ামাটির ফলক
ⓖ লাল ইট ⓖ প্লাস্টিক সামগ্রী **উত্তর: খ**

১৫. **'টেরাকোটা' শিল্পে কোন উপকরণটি ব্যবহৃত হয়?** [ঢাবি (বি ইউনিট) : ১৪-১৫]
ⓚ পাথর ⓚ ব্রোঞ্জ
ⓖ কাঠ ⓖ মাটি **উত্তর: ঘ**

১৬. **ভার্সেলিসের যুদ্ধে কারা জয়ী হয়?** [শ্রম অধিদপ্তরের রেজিষ্ট্রার: ০০]
ⓚ ফ্রান্স ⓚ ইংল্যান্ড
ⓖ আমেরিকা ⓖ পর্তুগিজ **উত্তর: গ**
**ব্যাখ্যা:** ভার্সেলিস যুদ্ধ (১৯৭৩ খ্রি.) মূলত একটি ফ্যাশান শো। প্রতিযোগিতায় মার্কিন ডিজাইনাররা জয়লাভ করে।

১৭. **লিথোগ্রাফি কি?** [সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে জুনিয়র শিক্ষক: ২৩]
ⓚ পাথরের ভাস্কর্য
ⓚ পাথরের কার্ভিং করার পদ্ধতি
ⓖ পাথরের ওপর ছবি এঁকে ছাপ নেয়ার পদ্ধতি
ⓖ এক ধরনের দেয়াল লিখন পদ্ধতি **উত্তর: গ**

১৮. **ঐতিহাসিক 'ফেজ শহর' কোথায় অবস্থিত?** [জেলা প্রাথমিক শিক্ষা অফিসার : ৯৩]
ⓚ আলজেরিয়ায় ⓚ মরক্কোয়
ⓖ লিবিয়ায় ⓖ মিশরে **উত্তর: খ**
**ব্যাখ্যা:** মরক্কোর ফেজ শহর টুপির জন্য বিখ্যাত।

## শিল্পী ও শিল্পকর্ম

**লিওনার্দো দ্য ভিঞ্চি** (১৪৫২ - ১৫১৯ খ্রি.) একজন ইতালীয় রেনেসা পর্বের প্রখ্যাত চিত্রকর। বহুমুখী প্রতিভাধর ভিঞ্চির ছিলেন একাধারে, চিত্রশিল্পী, ভাস্কর, স্থপতি, সমরযন্ত্র উদ্ভাবক, সংগীতজ্ঞ এবং দার্শনিক ও চিন্তাবিদ। তাঁর সবচেয়ে বিখ্যাত চিত্রকর্ম *Mona Lisa (ইতালীয় নাম : La Gioconda)* । অঙ্কনকাল : ১৫০৩ - ১৫০৬ খ্রি.। এটি পপলার কাঠের প্যানেলে তেলরঙে আঁকা ছবি।


*Mona Lisa*


*The Last Supper (Mural)*

The Last Supper (শেষ নৈশভোজ) হলো ভিঞ্চির আঁকা পৃথিবীর শ্রেষ্ঠ চিত্রকর্মের একটি। এটি একটি মুর‍্যাল অর্থাৎ দেয়াল চিত্র। ইতালির মিলানে অবস্থিত সান্তা মারিয়া দেলে গির্জায় ডাইনিং হলের পিছনের দেয়ালে এটি আঁকা। দেয়ালচিত্রটি আঁকতে ভিঞ্চির প্রায় ৩ বছর সময় লাগে। ছবির বিষয়বস্তু যিশুখ্রিষ্টের মৃত্যুর পূর্বরাতে তাঁর ১২জন শিষ্যের সাথে রাতের শেষ খাবারের দৃশ্য। ভিঞ্চির অন্যান্য শিল্পকর্মের মধ্যে লরেঞ্জ দ্যা মেডিসি, ভার্জিন অব দ্য রকস, লেডি উইথ অ্যান আমমিন প্রভৃতি উল্লেখযোগ্য। তিনি সর্বপ্রথম সফলভাবে চিত্রকর্মে Aerial Perspective (দূরত্বের বিভ্রম তৈরি) কৌশল ব্যবহার করেন। নানা প্রকার পতঙ্গ ও পাখির ওড়াওড়ি লক্ষ্য করে তিনি উড্ডয়নযন্ত্র 'ওরনিথপ্টার' এর নকশা আঁকেন।

**কামালউদ্দিন বিহযাদ** (১৪৫৫ - ১৫৩৫ খ্রি.) ছিলেন পারস্যের একজন চিত্রশিল্পী।

**মাইকেলেঞ্জেলো** (১৪৭৫ - ১৫৬৪ খ্রি.) রেনেসাঁস যুগের একজন ইতালীয় ভাস্কর, চিত্রকর, স্থপতি এবং কবি। তাঁর বিখ্যাত ভাস্কর্যগুলোর মধ্যে ডেভিড (David), পিয়েটা (Pietà), মোজেস (Moses) প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। অ্যাঞ্জেলো ভ্যাটিকান সিটির খ্রিষ্টান ধর্মাবলম্বীদের উপসনালয় 'সিসটিন চ্যাপেল' এ তাঁর বিখ্যাত ফ্রেসকো 'দি ক্রিয়েশন অব অ্যাডাম (The Creation of Adam) ও দ্য লাস্ট জাজমেন্ট (The Last Judgment) অঙ্কন করেন। ফ্রেসকো মূলত ম্যুরাল (দেয়াল বা ছাদে অঙ্কিত শৈল্পিক চিত্রকর্ম) এর একটি টেকনিক। লিওনার্দো দ্য ভিঞ্চি এবং মাইকেল অ্যাঞ্জেলো Renaissance man হিসেবে সুপরিচিত।

**আলব্রেখট ড্যুরার** (১৪৭১ - ১৫২৮ খ্রি.) একজন বিখ্যাত জার্মান চিত্রকর।

**রেমব্রান্ট ভ্যান রিন** (১৬০৬ - ১৬৬৯ খ্রি.) বিখ্যাত ডাচ চিত্রকর। তিনি সর্বাধিক সংখ্যক আত্মপ্রতিকৃতি অংকন করেন। 'নাইট ওয়াচ' তাঁর একটি বিখ্যাত চিত্রকর্ম।

**পল সেজান** (১৮৩৯ -১৯০৬ খ্রি.) একজন বিখ্যাত ফরাসি চিত্রশিল্পী।

Scanned with CamScanner

অগুস্ত রদাঁ (১৮৪০- ১৯১৭ খ্রি.) একজন ফরাসি ভাস্কর।

ক্লদ মোনে (১৮৪০ - ১৯২৬ খ্রি.) একজন ফরাসি চিত্রকর। তাঁর বিখ্যাত চিত্রকর্ম 'ইম্প্রেশন সানরাইজ' 'Water Lilies' ইত্যাদি।

ভিনসেন্ট ভ্যানগগ (১৮৫৩ - ১৮৯০ খ্রি.) একজন বিখ্যাত ডাচ পোস্ট-ইম্প্রেশনিজ ধারার চিত্রকর। তাঁর বিখ্যাত চিত্রকর্ম হলো পটেটো ইটারস (The Potato Eaters), সানফ্লাওয়ার (Sunflowers, পোস্ট-ইম্প্রেশনিজ ধারা), 'The starry Night', 'Cafe Terrace at night', বেডরুম ইন আরলেস (Bedroom in Arles) প্রভৃতি।

পাবলো পিকাসো (১৮৮১ – ১৯৭৩ খ্রি.) ছিলেন একজন স্পেনীয় চিত্রশিল্পী, মৃৎশিল্পী, মঞ্চ নকশাকারী, ভাস্কর, কবি ও নাট্যকার। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে Guernica, The Young Ladies of Avignon, The Old Guitarist, The Weeping Woman প্রভৃতি বিশেষ উল্লেখযোগ্য। ২৬ এপ্রিল, ১৯৩৭ স্পেনের গৃহযুদ্ধের সময় স্পেনীয় জাতীয়তাবাদী নেতা জেনারেল ফ্রান্সিসকো ফ্রাঙ্কোর অনুরোধে জার্মান এবং ইতালীয় যুদ্ধ বিমান উত্তর স্পেনের বাস্ক কান্ট্রি অঞ্চলের গোয়ের্নিকায় বোমাবর্ষণ করে। এর ফলে সেখানে ভয়াবহ গণহত্যা সংগঠিত হয় এবং প্রতিক্রিয়াস্বরূপ পিকাসো 'গোয়ের্নিকা' চিত্রকর্মটি অংকন করেন।



গোয়ার্নিকা

চিত্রকর্মটি স্পেনের রাজধানী মাদ্রিদে মিউজি রিনা সোফিয়া জাদুঘরে সংরক্ষিত রয়েছে।

হারবার্ট রিড (১৮৯৩ - ১৯৬৮) বিখ্যাত ব্রিটিশ চিত্র সমালোচক।

সালভেদর দালি (১৯০৪ - ১৯৮৯ খ্রি.) ছিলেন একজন খ্যাতিমান স্পেনীয় পরাবাস্তববাদী চিত্রকর। তাঁর বিখ্যাত চিত্রকর্মের মধ্যে দি পারসিসটেন্স অব মেমোরি' (The Persistence of Memory), The Temptation of St. Anthony, The Elephants, Galatea of the Spheres এবং Crucifixion (Corpus Hypercubus) বিশেষভাবে উল্লেখযোগ্য।

ফ্রিদা কাহলো (১৯০৭ - ১৯৫৪ খ্রি.) একজন বিখ্যাত মেক্সিকান নারী চিত্রশিল্পী। তিনি তার নারী বিষয়ক চিত্রকর্ম (আত্মপ্রতিকৃতি) এর জন্য খ্যাতি লাভ করেন।

মকবুল ফিদা হুসেন (১৯১৫ - ২০১১ খ্রি.) একজন জনপ্রিয় ভারতীয় চিত্রশিল্পী। তিনি এম. এফ. হুসেন নামে অধিক পরিচিত ছিলেন। তাঁর বিখ্যাত চিত্রকর্ম হলো- ব্যাটল অব গঙ্গা এন্ড যমুনা, ব্রিটিশ রাজ, মাদারইন্ডিয়া, পঞ্চইন্দ্রিয় প্রভৃতি। তাঁকে 'ভারতের পিকাসো' বলা হয়।

অমৃতা শের-গিল (১৯১৩ - ১৯৪১ খ্রি.) ছিলেন একজন ভারতীয়-হাঙ্গেরিয়ান চিত্রশিল্পী। তাঁকে ভারতীয় উপমহাদেশের আধুনিক চিত্রকলার পথিকৃৎ হিসাবে গণ্য করা হয়।

চিত্রকলাকে বিভিন্ন ধারা বা শৈলীতে ভাগ করা যায়, যার মাধ্যমে প্রতিটি শিল্পী নিজস্ব দৃষ্টিভঙ্গি এবং কৌশল প্রকাশ করে। এর মধ্যে উল্লেখযোগ্য কিছু ধারা হলো:

***পরাবাস্তববাদ (Surrealism)*** একটি সাংস্কৃতিক আন্দোলন যা ১৯২০ এর দশকে ইউরোপে শুরু হয়। আন্দ্রে ব্রেটন, সালভেদর দালি, ম্যাক্স আর্নেস্ট এবং রেন ম্যাগরিট ছিলেন পরাবাস্তববাদের প্রধান শিল্পী।

***দাদাবাদ (Dadaism)*** বা খেয়ালবাদ হলো প্রথম বিশ্বযুদ্ধকালে ইউরোপ এবং পরবর্তী সময়ে আমেরিকার মধ্যবিত্ত শ্রেণীর কিছুসংখ্যক শিল্পী ও সাহিত্যিকের মধ্যে উদ্ভুত এক প্রকার শিল্প ও সাহিত্য আন্দোলন। মহাযুদ্ধের বিভীষিকায় আতঙ্কগ্রস্ত ও জীবনের প্রতি বীতশ্রদ্ধ কিছু সংখ্যক সাহিত্যিক ও শিল্পী, সাহিত্য ও শিল্পের ক্ষেত্রে প্রচলিত সমস্ত নিয়মনীতিকে লঙ্ঘন করার চেষ্টা করেন।

***ঘনকবাদ (Cubism)*** শিল্পধারার বিকাশ ঘটে বিংশ শতাব্দীর প্রথম দশকে ফ্রান্সের প্যারিসে। মূলত জ্যামিতিক ফর্মে উপস্থাপিত হয় এই শিল্পধারাটি। পাবলো পিকাসো এবং জর্জ ব্রাক ছিলেন এই ধারার পুরোধা।

## MCQ Solution

১. **কামালউদ্দিন বিহযাদ কোন দেশের শিল্পী?** [ঢাবি (চ ইউনিট):১৩-১৪]
ⓚ পারস্য ⓚ তুরস্ক
ⓖ মিশর ⓖ পাকিস্তান **উত্তর:** ক

২. **Leonardo Da Vinci** – [Premier Bank Ltd. MTO: 12]
ⓐ was great Italian Painter, Sculptor & Architect
ⓑ got universal fame from his masterpiece '*Monalisa*'
ⓒ created moulds of organs such as the heart, lungs and womb
ⓓ All are correct **Ans.** d

৩. **লিওনার্দো দ্যা ভিঞ্চি ছিলেন** – [চবি (ডি ইউনিট): ১৭-১৮]
(ক) শুধুমাত্র চিত্রশিল্পী
(খ) চিত্রশিল্পী ও বিজ্ঞানী
(গ) চিত্রশিল্পী ও সাহিত্যিক
(ঘ) চিত্রশিল্পী ও সংগীত পরিচালক **উত্তর:** খ

Scanned with CamScanner

৪. শিল্পী লিওনার্দো দ্য ভিঞ্চি কোন দেশের লোক? [ববি (ঘ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ফ্রান্স ⓚ ইতালি
ⓖ স্পেন ⓖ গ্রিস উত্তর: খ

৫. সর্বপ্রথম সফলভাবে এরিয়াল পরিপ্রেক্ষিতের ব্যবহার করেন- [জবি (সি ইউনিট): ১৪-১৫]
ⓚ জত্তো ⓚ লিওনার্দো-দ্যা-ভিঞ্চি
ⓖ তিশিয়ান ⓖ ম্যাসাচ্চিও উত্তর: খ

৬. বিশ্ববিখ্যাত 'মোনালিসা' চিত্রটির চিত্রকর কে? [১৮তম বিসিএস/ ১৪তম বিসিএস/ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের মাঠ সংগঠক: ২৩]
ⓚ মাইকেল এঞ্জেলো ⓚ লিওনার্দো দ্য ভিঞ্চি
ⓖ প্যাবলো পিকাশো ⓖ ভ্যানগগ উত্তর: খ

৭. *'La Gioconda'* চিত্রকর্মটি কার? [১১তম বিজেএস: ১৭]
ⓚ মাইকেল এঞ্জেলো ⓚ পাবলো পিকাসো
ⓖ জ্যাকব এপস্টাইন ⓖ লিওনার্দো দ্য ভিঞ্চি উত্তর: ঘ

৮. লিওনার্দো দ্য ভিঞ্চি 'মোনালিসা' চিত্রকর্মটি কোন মাধ্যমে আঁকা? [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ তেলরং ⓚ টেম্পারা
ⓖ জলরং ⓖ গোয়াশ উত্তর: ক

৯. 'মোনালিসা' কিসের উপর আঁকা? [জবি (সি ইউনিট): ১৬-১৭]
ⓚ কাঠ ⓚ বোর্ড
ⓖ ক্যানভাস ⓖ কোনোটিই না উত্তর: ক

১০. **The Mona Lisa portrait was painted by Leonardo da Vinci in the –** [10 banks and financial institutions Officer (General) : 24]
ⓐ 15th century ⓑ 14th century
ⓒ 16th century ⓓ 17th century **Ans. c**

১১. ***'The last supper'*** **was painted by -** [SIBL. MTO: 11] *Or,*
'দ্য লাস্ট সাপার' চিত্রকর্মের শিল্পী কে? [NIPORT র ক্যাশিয়ার: ২৩]
ⓐ Michelangelo ⓑ Leonardo Da Vinci
ⓒ Botticelli ⓓ Ruphael **Ans. b**

১২. 'দি লাস্ট সাপার'- [রাবি (মার্কেটিং বিভাগ): ০৪-০৫]
ⓚ একটি ছায়াছবি ⓚ একটি চিত্র
ⓖ একটি উপন্যাস ⓖ একটি কবিতা উত্তর: খ

১৩. লিওনার্দো দ্যা ভিঞ্চির আঁকা 'লাস্ট সাপার' চিত্রকর্মটি ইতালির কোন শহরে রক্ষিত আছে? [NSI এর সহকারী পরিচালক (গবেষণা কর্মকর্তা) : ২১] *Or,*
**Where did Leonardo da Vinci draw has famous fresco "The Last Supper"?** [Security Printing Corporation Assistant Manager: 21]
ⓚ রোম ⓚ ফ্লোরেন্স
ⓖ ভেনিস ⓖ মিলান উত্তর: ঘ

১৪. 'লাস্ট সাপার' চিত্রকর্মটি সৃষ্টি করতে সময় লেগেছিল: [রাবি (এ ইউনিট): ১৮-১৯]
ⓚ ১ বছর ⓚ ২ বছর
ⓖ ৩ বছর ⓖ ৪ বছর উত্তর: গ

১৫. লিওনার্দো দ্য ভিঞ্চি 'লাস্ট সাপার'- এর মূল চরিত্র - [ঢাবি (চারুকলা) : ২৪-২৫]
ⓚ পিটার ⓚ জুডাস
ⓖ যিশু ⓖ মেরি উত্তর: গ

১৬. পৃথিবীর শ্রেষ্ঠতম দেয়ালচিত্র হলো- [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১১]
ⓚ লাস্ট সাপার ⓚ মোনালিসা
ⓖ গুয়ের্নিকা ⓖ রাতের পাহারা উত্তর: ক

১৭. 'ভার্জিন অব দ্য রক্স' শিল্পের স্রষ্টা কে? [ঢাবি (চ ইউনিট): ১৭-১৮]
ⓚ লিওনার্দো দ্যা ভিঞ্চি ⓚ মাইকেল অ্যাঞ্জেলো
ⓖ মাসাচ্চো ⓖ রাফায়েল উত্তর: ক

১৮. **Which of the following famous pictures is drawn by Leonardo da Vinci?/** নিচের কোনটি লিওনার্দো দ্য ভিঞ্চির বিখ্যাত চিত্রকর্ম? [চবি (ডি ইউনিট) : ১৯-২০]
ⓐ Madonna of the Goldfinch
ⓑ Marriage of the Virgin
ⓒ The Pleta and david
ⓓ The Last Supper **Ans. d**

১৯. পাখির উড়া পর্যবেক্ষণ করে উড়োজাহাজের মডেল তৈরি করেন– [ইসলামি ব্যাংক বাংলাদেশ লি. ফিল্ড অফিসার: ২২]
ⓚ রাইট ভ্রাতৃদ্বয় ⓚ লিওনার্দো দ্য ভিঞ্চি
ⓖ ভ্যান গঁগ ⓖ নিউটন উত্তর: খ

২০. মাইকেল অ্যাঞ্জেলো কোন দেশের শিল্পী? [২৩তম বিসিএস]
ⓚ অস্ট্রিয়া ⓚ গ্রিস
ⓖ সুইডেন ⓖ ইতালি উত্তর: ঘ

২১. কোন ব্যক্তি একাধারে কবি, স্থপতি, চিত্রকর ও ভাস্কর? [চবি (বি-১ ইউনিট): ২১-২২]
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓚ লিওনার্দো দ্যা ভিঞ্চি
ⓖ মাইকেল অ্যাঞ্জেলা ⓖ পিকাসো উত্তর: গ

২২. সিসটিন চ্যাপেলের ফ্রেসকো চিত্রের শিল্পী - [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ রফেয়েল ⓚ মাইকেল অ্যাঞ্জেলো
ⓖ লিওনার্দো দ্য ভিঞ্চি ⓖ জিয়োত্তো উত্তর: খ

২৩. কোন শিল্পীর নাম রোমের সিসটিন চ্যাপেলের সাথে বিশেষভাবে জড়িত? [ঢাবি (চ ইউনিট): ১৫-১৬]
ⓚ লিওনার্দো দা ভিঞ্চি ⓚ জিয়ানলোরেঞ্জো বারনিনি
ⓖ মাইকেল অ্যাঞ্জেলা ⓖ স্যান্ড্রো বতিচেল্লি উত্তর: গ

২৪. 'ম্যুরাল' অর্থ - [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ⓚ কোলাজ চিত্র ⓚ কাঠের ওপর আঁকা চিত্র
ⓖ দেয়াল চিত্র ⓖ খসড়া চিত্র উত্তর: গ

Scanned with CamScanner

'ফ্রেসকো' কী? [ঢাবি (বি-১ ইউনিট): ১৯-২০]
ⓚ তৈলচিত্র ⓚ জলরং-চিত্র
ⓖ দেয়ালচিত্র ⓘ ছাপচিত্র উত্তর: গ

৬. মাইকেল অ্যাঞ্জেলো কোন ভাস্কর্যের স্রষ্টা? [ঢাবি (খ ইউনিট): ০৯-১০]
ⓚ মোজেস ⓚ হেরমেস
ⓖ লেডি জাস্টিস ⓘ দি থিংকার উত্তর: ক

৭. মাইকেল এঞ্জেলোর ভাস্কর্য কোনটি? [জবি (ই ইউনিট): ১৫-১৬]
ⓚ ডিসকো বোলাস ⓚ ডিসকো ফোরাস
ⓖ ভেনাস ডি মিলো ⓘ পিয়েটা উত্তর: ঘ

৮. The painting of 'Last Judgment' is by - [JU (C1 Unit): 15-16]
ⓐ Michelangelo
ⓑ Pablo Picasso
ⓒ Vincent van Gogh
ⓓ Leonardo de Vinci Ans. a

৯. 'আলব্রেখট ড্যুরার' কোন দেশীয় শিল্পী? [ঢাবি (চ ইউনিট): ১৭-১৮]
ⓚ ফরাসি ⓚ অস্ট্রিয়
ⓖ জার্মান ⓘ ওলন্দাজ উত্তর: গ

০. রেমব্রান্ডট কোন দেশে জন্মগ্রহণ করেন? [ঢাবি (চ ইউনিট): ১৯-২০]
ⓚ জার্মানি ⓚ হল্যান্ড
ⓖ ইতালি ⓘ সুইডেন উত্তর: খ

১. কোন শিল্পী সবচেয়ে বেশি আত্মপ্রতিকৃতি এঁকেছেন- [জাবি (সি) ইউনিট) : ১৮-১৯]
ⓚ সালভাদার দালি ⓚ শিল্পী শাহাবুদ্দীন আহমেদ
ⓖ কামরুল হাসান ⓘ রেমব্রান্ট ভেন রিন উত্তর: ঘ

২. 'নাইট ওয়াচ' নামক শিল্পকর্মের শিল্পী কে? [ঢাবি (চ ইউনিট): ২০-২১]
ⓚ এল গ্রেকো ⓚ ড্যুরার
ⓖ ভ্যান গঘ ⓘ রেমব্রান্ডট উত্তর: ঘ

৩. কোন শিল্পীদ্বয় আত্মপ্রতিকৃতির রচনার জন্য প্রসিদ্ধ? [ঢাবি (চ ইউনিট) : ১৯-২০]
ⓚ দ্য ভিঞ্চি - মাইকেলঞ্জেলো
ⓚ রেমব্রান্ডট - ভ্যান গঘ
ⓖ গয়্যা - ভেলাসকেস
ⓘ টার্নার - বেকন উত্তর: খ

৪. ভিনসেন্ট ভ্যানগগ কি ছিলেন? [রাবি (ইউনিট A; শিফট-১) : ২৩-২৪]
ⓚ চিত্রকর ⓚ জাদুকর
ⓖ বিজ্ঞানী ⓘ সাহিত্যিক উত্তর: ক

৫. সানফ্লাওয়ার এই শিল্পকর্মটি কোন ধারার? [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ ইম্প্রেশনিজম ⓚ পোস্ট-ইম্প্রেশনিজম
ⓖ স্যুরিয়েলিজম ⓘ রোমান্টিসিজম উত্তর: খ

৬. 'সানফ্লাওয়ার' কার বিখ্যাত চিত্রকর্ম? [রাবি (ইউনিট A-১): ২১-২২]
ⓚ পাবলো পিকাসো ⓚ লিওনার্দো দ্যা ভিঞ্চি
ⓖ মাইকেলেঞ্জেলো ⓘ ভিনসেন্ট ভ্যানগগ উত্তর: ঘ

৩৭. 'The starry Night' কোন শিল্পীর চিত্রকর্ম? [জাবি (চ ইউনিট) : ১৫-১৬]
ⓚ ক্লদ মনে ⓚ ভিনসেন্ট ভ্যানগগ
ⓖ পল গগাঁ ⓘ এদুয়ার্দ মানে উত্তর: খ

৩৮. 'পটেটো ইটারস' শিল্পকর্মটি কোন চিত্রশিল্পীর অমর সৃষ্টি? [বাংলাদেশ তাঁত বোর্ডের বিভিন্ন পদ: ২২]
ⓚ ভিনসেন্ট ভ্যানগগ ⓚ পল সেজান
ⓖ হেনরি মাতিস ⓘ পল গগাঁ উত্তর: ক

৩৯. 'Cafe Terrace at night' is a famous painting by - [JU (C Unit): 15-16]
ⓐ Salvador Dail
ⓑ Edvard Munch
ⓒ Henri Rousseau
ⓓ Vincent van Gogh Ans. d

৪০. কোন শিল্পী ফ্রান্সে জন্মগ্রহণ করেন? [জবি (ই ইউনিট): ১৫-১৬]
ⓚ মাইকেল এঞ্জেলো ⓚ লিওনার্দো দা ভিঞ্চি
ⓖ পল সেজান ⓘ পাবলো পিকাসো উত্তর: গ

৪১. 'Water Lilies' কার বিখ্যাত চিত্রকর্ম? [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ⓚ ক্লদ মনে ⓚ এদয়ার্দ মানে
ⓖ ভ্যান গঘ ⓘ হেনরি মাতিস উত্তর: ক

৪২. 'সানরাইজ' চিত্রটি কার আঁকা? [জাককানইবি (বি ইউনিট): ১৩-১৪]
ⓚ ক্লোদ মোনে ⓚ ভ্যানগগ
ⓖ মাইকেল এঞ্জেলো ⓘ পিকাসো উত্তর: ক

৪৩. রদাঁ কে ছিলেন? [চবি (বি-ইউনিট) : ২৪-২৫]
ⓚ চিত্রশিল্পী ⓚ ভাস্কর
ⓖ লেখক ⓘ সংগীতশিল্পী উত্তর: খ

৪৪. 'পাবলো পিকাসো' কে ছিলেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক : ১৩]
ⓚ চিত্রশিল্পী ⓚ সংগীত শিল্পী
ⓖ দার্শনিক ⓘ সাহিত্যিক উত্তর: ক

৪৫. শিল্পী পাবলো পিকাসো কোন দেশে জন্মগ্রহণ করেন? [চবি (চারুকলা): ১৮-১৯]
ⓚ ফ্রান্স ⓚ ইতালি
ⓖ গ্রিস ⓘ স্পেন উত্তর: ঘ

৪৬. গুয়ের্নিকা কী? [ঢাবি (ঘ ইউনিট): ১৪-১৫]
ⓚ ভাস্কর্য ⓚ চিত্রকলা
ⓖ বই ⓘ স্থান উত্তর: খ

৪৭. বিখ্যাত গোয়ার্নিকা চিত্রকর্মের শিল্পী- [জাবি (আই ইউনিট): ১৯-২০]
ⓚ পাবলো পিকাসো ⓚ পল গগ্যাঁ
ⓖ লিওনার্দো দ্য ভিঞ্চি ⓘ অঁরি মাতিস উত্তর: ক

৪৮. পাবলো পিকাসো কোন ঘটনার প্রতিক্রিয়ায় 'গোয়ের্নিকা' ছবিটি আঁকেন? [রাবি (ইউনিট A) : ২৩-২৪]
ⓚ প্রথম বিশ্বযুদ্ধ ⓚ স্পেনের গৃহযুদ্ধ
ⓖ দ্বিতীয় বিশ্বযুদ্ধ ⓘ ভিয়েতনাম যুদ্ধ উত্তর: খ

Scanned with CamScanner

৪৯. যে দুঃশাসকের নিপীড়নের প্রতিবাদে পিকাসো 'গুয়ের্নিকা' নামক চিত্রটি আঁকেন - [ঢাবি (চ ইউনিট): ২১-২২]
ক ফ্রাঙ্কো খ হিটলার
গ মুসোলিনি ঘ পিনোশে উত্তর: ক

৫০. 'গোয়ের্নিকা' চিত্রের বিষয় কি? [চবি (বি ইউনিট): ১৪-১৫]
ক বিদ্রোহ খ গুপ্ত হত্যা
গ গণহত্যা ঘ মহামারী উত্তর: গ

৫১. পিকাসোর গুয়ের্নিকা সংরক্ষিত আছে? [ঢাবি (চ ইউনিট): ১৩-১৪]
ক প্যারিসে খ বার্লিনে
গ মাদ্রিদে ঘ ওয়াশিংটনে উত্তর: গ

৫২. নিম্নের কোন ব্যক্তি চিত্র সমালোচক? [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ক মকবুল ফিদা হুসেন খ সালভাদর দালী
গ কান্দেনিস্কি ঘ হারবার্ট রিড উত্তর: ঘ

৫৩. সালভেদর ডালি ছিলেন একজন- [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]
ক বিজ্ঞানী খ লেখক
গ লেখক ঘ চিত্রশিল্পী উত্তর: ঘ

৫৪. 'The Persistence of Memory' চিত্রকর্মটি কোন শিল্পীর? [পেট্রোবাংলা এর সহকারী ব্যবস্থাপক : ২৪]
ক সালভেদর দালি খ ফ্রিদা কাহলো
গ পাবলো পিকাসো ঘ ভিনসেন্ট ভ্যানগগ উত্তর: ক

৫৫. 'ফ্রিদা কাহলো' কে? [চবি (বি২ ইউনিট): ১০-১১]
ক অভিনয় শিল্পী খ নৃত্যশিল্পী
গ চিত্র শিল্পী ঘ সংগীতশিল্পী উত্তর: গ

৫৬. চিত্রশিল্পী ফ্রিদা কাহলোর জন্মস্থান - [ঢাবি (চারুকলা): ২৩-২৪]
ক স্পেন খ মেক্সিকো
গ আর্জেন্টিনা ঘ ফ্রান্স উত্তর: খ

৫৭. কোন নারী শিল্পী তাঁর নারী-বিষয়ক চিত্রকর্মের জন্য বিশ্বখ্যাতি লাভ করেন? [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক বারবারা হেপওয়ার্থ খ ফ্রিদা কাহলো
গ অমৃতা শেরগিলদ ঘ নভেরা আহমেদ উত্তর: খ

৫৮. ফিদা মকবুল হুসেন মূলত একজন - [জাবি (আই ইউনিট): ১৯-২০]
ক চিত্রশিল্পী খ গীতিকার
গ ঔপন্যাসিক ঘ কবি উত্তর: ক

৫৯. শিল্পী মকবুল ফিদা হুসেনের জন্ম কোন দেশে? [চবি (বি২ ইউনিট): ১০-১১]
ক ইরান খ ভারত
গ পাকিস্তান ঘ তুরস্ক উত্তর: খ

৬০. 'পঞ্চইন্দ্রিয়' তৈলচিত্রের চিত্রশিল্পী কে? [ষষ্ঠ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ): ১০]
ক লিওনার্দো দ্যা ভিঞ্চি খ মকবুল ফিদা হুসেন
গ মাইকেল এ্যাঞ্জেলো ঘ পাবলো পিকাসো উত্তর: খ

৬১. কোন নারী শিল্পী ভারতীয় উপমহাদেশের আধুনিক চিত্রকলার পথিকৃৎ হিসাবে গণ্য হয়ে থাকেন? [ঢাবি (চ ইউনিট): ১৮-১৯]
ক নভেরা আহমেদ খ মীরা মুখোপাধ্যায়
গ নলিনী মালিনী ঘ অমৃতা শেরগিল উত্তর: ঘ

৬২. স্যুররিয়েলিজমের প্রধান শিল্পী কে ছিলেন? [জাবি (সি ইউনিট): ১৪-১৫]
ক রেমব্রাঁ খ সালভাদর দালি
গ পাবলো পিকাসো ঘ ভিনসেন্ট ভ্যানগগ উত্তর: খ

৬৩. কোন জন পরাবাস্তববাদী শিল্পী? [ঢাবি (চ ইউনিট): ১৭-১৮]
ক পাবলো পিকাশো খ ভিনসেন্ট ভ্যান
গ সালভাদর দালি ঘ হেনরী মুর উত্তর: গ

৬৪. কোন শিল্পী পরাবাস্তববাদী নন? [ঢাবি (চ ইউনিট): ১৪-১৫]
ক দালি খ মাগ্রিত
গ এল গ্রেকো ঘ আঁদ্রে ব্রেতোঁ উত্তর: গ

৬৫. দাদাবাদ কোন সময়ের শিল্প আন্দোলন? [ঢাবি (চ ইউনিট): ১৯-২০]
ক আঠারো শতকের খ উনিশ শতকের
গ বিশ শতকের ঘ একুশ শতকের উত্তর: গ

৬৬. দাদাবাদ শিল্প আন্দোলন সম্পর্কে বলা হয় এটা - [ঢাবি (চ ইউনিট) : ১৫-১৬]
ক Pro Art খ Good Art
গ Anti Art ঘ Bad Art উত্তর: গ

৬৭. কিউবিজমকে বাংলায় কি বলা হয়? [জাবি (সি ইউনিট): ১৪-১৫]
ক প্রকাশবাদ খ পরাবাস্তববাদ
গ ঘনকবাদ ঘ স্বপ্নবাদ উত্তর: গ

৬৮. কিউবিজম শিল্পের যুগল অগ্রনায়ক -[জগন্নাথ বিশ্ববিদ্যালয় (চারুকলা অনুষদ) : ২৪-২৫]
ক গগ্যাঁ-ভ্যানগগ খ পিকাসো-মাতিস
গ ব্রাক-পিকাসো ঘ রেনোয়া-সেজান উত্তর: গ

## গুহাশিল্প

অজন্তা ও ইলোরা গুহাসমূহ ভারতের মহারাষ্ট্রে অবস্থিত দুটি আলাদা প্রত্নতাত্ত্বিক স্থাপনা। অজন্তায় রয়েছে ৩০টি গুহা। বৌদ্ধ ভিক্ষুরা উপাসনার জন্য নির্জন পাহাড়ে খোদাই করে গুহাগুলো তৈরি করেন। কেবল গুহা নয়, এসব গুহার ভেতর বৌদ্ধ ভিক্ষুরা নিপুণ হাতে পাথরের পাহাড় কেটে কেটে তৈরি করেছেন বুদ্ধের মূর্তিসহ নানা শিল্পকর্ম। অজন্তার দেয়ালচিত্রগুলিতে বুদ্ধের জীবনের বিভিন্ন পর্যায়ের কাহিনি বর্ণিত হয়েছে। অজন্তার সবচেয়ে বিখ্যাত দেয়ালচিত্র 'বোধিসত্ত্ব পদ্মপাণি'। গুপ্ত যুগে আঁকা চিত্রকলাগুলি আজও দর্শকদের বিস্মিত করে।

আলতামিরা গুহা স্পেনে অবস্থিত।

## MCQ Solution

১. ভারতের কোন প্রদেশে অজন্তা ও ইলোরা গুহাদ্বয় অবস্থিত? [ববি (ঘ ইউনিট): ১৩-১৪]
ক গুজরাট খ মহারাষ্ট্র
গ তামিলনাড়ু ঘ কর্ণাটক উত্তর: খ

২. অজন্তার গুহাচিত্র কোন যুগে আঁকা? [চবি (চারুকলা) : ১৮-১৯]
ক আর্য যুগ খ পাল যুগ
গ বৈদিক যুগ ঘ গুপ্ত যুগ উত্তর: ঘ

Scanned with CamScanner

৩. কোন গুহার শিল্পরীতি ভারতীয়? [চবি (বি১ ইউনিট): ১৯-২০]
ⓚ অজন্তা ⓚ আলতামিরা
ⓖ এজিল ⓖ লাস্কো উত্তর: ক

৪. অজন্তা গুহাচিত্রের বিষয়বস্তু - [জাবি (সি১ ইউনিট): ২০-২১]
ⓚ মহাভারতের কাহিনী ⓚ অশোকের জীবন কাহিনী
ⓖ গৌতমবুদ্ধের জীবন কাহিনী
ⓖ আদিম মানুষের শিকারের দৃশ্য উত্তর: গ

৫. 'বোধিসত্ত্ব পদ্মপাণি' দেয়ালচিত্রটি কোথায় আছে? [ঢাবি (চ ইউনিট) :১৩-১৪]
ⓚ ইলোরা ⓚ খাজুরাহো
ⓖ সাঁচী ⓖ অজন্তা উত্তর: ঘ

৬. অজন্তায় গুহার সংখ্যা কয়টি? [জাবি (সি ইউনিট): ১৫-১৬]
ⓚ ৩৩ ⓚ ২৯ ⓖ ২০ ⓖ ৩০ উত্তর: ঘ

৭. 'আলতামিরা' গুহা কোথায় অবস্থিত? [মাউশি অধিদপ্তর অফিস সহকারী:২৩]
ⓚ ফ্রান্স ⓚ স্পেন
ⓖ ইংল্যান্ড ⓖ ভারত উত্তর: খ

## স্থাপত্য

দালান এবং অন্যান্য বাস্তব কাঠামো নির্মাণের সুকৌশল।

### বিশ্বের উচ্চতম অট্টালিকা




| অট্টালিকা | শহর |
|---|---|
| বুর্জ খলিফা | দুবাই, সংযুক্ত আরব আমিরাত |
| সাংহাই টাওয়ার | সাংহাই, চীন |
| মক্কা রয়েল ক্লক টাওয়ার হোটেল | মক্কা, সৌদি আরব |
| ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| তাইপে-১০১ | তাইপে, তাইওয়ান |
| ওয়ার্ল্ড ফিন্যান্সিয়াল সেন্টার | সাংহাই,চীন |
| পেট্রোনাস টাওয়ার | কুয়ালালামপুর, মালয়েশিয়া |
| এ্যাম্পায়ার স্টেট বিল্ডিং | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| ল্যান্ডমার্ক টাওয়ার | ইয়াকোহোমা, জাপান |
| লিনিং টাওয়ার | Pisa, ইতালি |

***আইফেল টাওয়ার (Eiffel Tower)*** প্যারিস শহরে অবস্থিত একটি লোহার কাঠামো যা ফ্রান্সের সর্বাধিক পরিচিত প্রতীক। স্থপতি গুস্তাভ আইফেলের নাম অনুসারে টাওয়ারটির নামকরণ করা হয়। উচ্চতা ৩০০ মিটার (৯৮৪ ফুট)। ৩১ মার্চ, ১৮৮৯ তারিখে টাওয়ারটি উদ্বোধন করা হয়। টাওয়ারের পাশ দিয়ে সীন নদী প্রবাহিত।



***টাওয়ার অব লন্ডন*** টেমস নদীর তীরে অবস্থিত একটি রাজকীয় দুর্গ। এটি নির্মিত হয় ১০৭৮ সালে। এটি বর্তমানে অস্ত্রশালা ও জাদুঘর হিসেবে ব্যবহৃত হয়। বিখ্যাত 'কোহিনুর' হীরা এখানে শোভা পায়।

## প্রাসাদ-ভবন

***ইন্ডিয়া হাউস*** ছিল লন্ডনভিত্তিক ভারতীয় জাতীয়তাবাদী সংগঠন (১৯০৫-১৯১০খ্রি.) এর কার্যালয়।

***লিংকন হাউজ*** ভারতের মুম্বাইয়ের একটি প্রাসাদ। এটি পূর্বে ভারতে যুক্তরাষ্ট্রের কনসুলেট অফিস হিসেবে ব্যবহৃত হতো।

***কুবে প্যালেস*** মিশরের কায়রোতে অবস্থিত রাষ্ট্রপতির বাসভবন।

## MCQ Solution

১. বিশ্বের সর্বাপেক্ষা উঁচু ভবনের নাম কি? [ইউনিয়ন ব্যাংক প্রবেশনারী অফিসার: ২১]
ⓚ বুর্জ খলিফা ⓚ টুইন টাওয়ার
ⓖ পেট্রোনাস টাওয়ার ⓖ তাইপে ১০১ উত্তর: ক

২. বর্তমান বিশ্বের সর্বোচ্চ টাওয়ার 'বুর্জ খলিফা' এর উচ্চতা কত? [গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) : ১১]
ⓚ ৭০০ মিটার ⓚ ৮০০ মিটার
ⓖ ৯০০ মিটার ⓖ ১০০০ মিটার উত্তর: খ

৩. **Tallest building of the world is located in-** [RAKUB Senior Officer: 10] *Or;*
**কোন শহরে পৃথিবীর সর্বোচ্চ স্থাপনা অবস্থিত?** [জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপ-পরিচালক: ০৭]
ⓐ Taip ⓑ Kualalampur
ⓒ Dubai ⓓ New York **Ans. c**

৪. **Which country has the world's tallest building?/ পৃথিবীর সর্বাপেক্ষা উচু ভবন কোন দেশে অবস্থিত?** [Eastern Bank Ltd. Officer: 05]
ⓐ USA ⓑ UK
ⓒ Malaysia ⓓ None of these **Ans. d**

৫. **'Petronas Tower' is in -** [IFIC Bank Ltd. Transaction Service Officer: 19]
ⓐ Singapore ⓑ Malaysia
ⓒ England ⓓ Dubai **Ans. b**

Scanned with CamScanner

৬. বিশ্বের অন্যতম প্রাচীন উঁচু বিল্ডিং 'এম্পায়ার স্টেট' অবস্থিত- [সমবায় অধিদপ্তর: ১৫]
ⓚ নিউইয়র্কে　ⓚ ওয়াশিংটনে
ⓖ শিকাগোতে　ⓘ বার্লিনে　উত্তর: ক

৭. **The Leaning Tower is located in -** [Standard Bank Ltd. Asst. Officer (Cash): 11]
ⓐ France　ⓑ Germany
ⓒ Italy　ⓓ Paris　**Ans. c**

৮. **বিখ্যাত ল্যান্ডমার্ক টাওয়ার অবস্থিত-** [১৪তম বিসিএস]
ⓚ নিউইয়র্কে　ⓚ শিকাগোতে
ⓖ টোকিওতে　ⓘ লন্ডনে　উত্তর:
ব্যাখ্যা: ল্যান্ডমার্ক টাওয়ার জাপানের ইয়াকোহামায় অবস্থিত।

৯. **আইফেল টাওয়ার (Eiffel Tower) কোথায় অবস্থিত?** [২১তম বিসিএস/ BPSC'র সিনিয়র স্টাফ নার্স: ১৮]
ⓚ লন্ডনে　ⓚ মিউনিখে
ⓖ হংকং-এ　ⓘ প্যারিসে　উত্তর: ঘ

১০. **আইফেল টাওয়ারের উচ্চতা কত?** [আমদানি-রপ্তানি অধিদপ্তর নিয়ন্ত্রক অফিসার (৩য়)]
ⓚ ৯৮৫ ফুট　ⓚ ৮৮৫ ফুট
ⓖ ৯৮৫ মিটার　ⓘ ৮৮৫ মিটার　উত্তর: ক

১১. **'Eiffel Tower' এর পাশ দিয়ে কোন নদী প্রবাহিত হয়েছে?** [অগ্রণী ব্যাংক লি. অফিসার (ক্যাশ): ১৫]
ⓐ Saar　ⓑ Daniub
ⓒ Rhine　ⓓ Seine　**Ans. d**

১২. **'টাওয়ার অব লন্ডন' কত সালে নির্মিত হয়?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ ১১৭৮　ⓚ ১০৭৮
ⓖ ১২৭৮　ⓘ ৯৭৮　উত্তর: খ

১৩. **'কুবে প্যালেস' কোথায় অবস্থিত?** [ঢাবি (খ ইউনিট): ১৪-১৫]
ⓚ প্যারিসে　ⓚ কায়রোতে
ⓖ এথেন্সে　ⓘ রোমে　উত্তর: খ

১৪. **'ইন্ডিয়া হাউস' কোথায় অবস্থিত?** [ঢাবি (ঘ ইউনিট): ১৭-১৮]
ⓚ লন্ডন　ⓚ দিল্লী
ⓖ নিউইয়র্ক　ⓘ করাচি　উত্তর: ক

১৫. **ঐতিহ্যবাহী 'লিংকন হাউজ' কোথায়?** [RAKUB কর্মচারী: ১৫]
ⓚ নিউইয়র্ক　ⓚ লন্ডন
ⓖ প্যারিস　ⓘ মুম্বাই　উত্তর: ঘ

## পঞ্জিকা (Calendar)

### হিজরি বর্ষপঞ্জি

৬৩৮ খ্রিষ্টাব্দে হজরত ওমর (রা.) ইসলামি বর্ষপঞ্জি প্রবর্তন করেন। তবে তিনি হজরত মুহাম্মদ (সা.) এর মক্কা থেকে মদিনায় হিজরতের দিন (৬২২ খ্রিষ্টাব্দ) থেকে ইসলামি সন গণনার নির্দেশ দেন। ইসলামি বর্ষপঞ্জি (হিজরি বর্ষপঞ্জি নামেও পরিচিত) একটি চন্দ্রনির্ভর বর্ষপঞ্জি। হিজরি বর্ষপঞ্জির ব্যাপ্তিকাল ৩৫৪ বা ৩৫৫ দিন। এতে মোট ১২টি মাস আছে। হিজরি বর্ষপঞ্জির মাসগুলো যথাক্রমে নিম্নরূপ- মুহররম, সফর, রবিউল আউয়াল, রবিউস সানি, জমাদিউল আউয়াল, জমাদিউস সানি, রজব, শাবান, রমজান, শাওয়াল, জিলকদ এবং জিলহজ।

### গ্রেগোরীয় বর্ষপঞ্জি (Gregorian Calendar)

গ্রেগোরীয় বর্ষপঞ্জি (পাশ্চাত্য বর্ষপঞ্জি বা খ্রিস্টীয় বর্ষপঞ্জি), হলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত বর্ষপঞ্জি। খ্রিস্টাব্দ (A.D = Anno Domini) হলো যিশুখ্রিস্টের জন্মবছর থেকে পরিগণিত অব্দ বা সাল। খ্রিস্টপূর্ব (B.C = Before Christ) যিশুখ্রিস্টের জন্মের পূর্ববর্তী বছর। ১৫৮২ সালের ২৪ ফেব্রুয়ারি পোপ ত্রয়োদশ গ্রেগরির এক আদেশানুসারে এই বর্ষপঞ্জির প্রচলন ঘটে। গ্রেগোরীয় বর্ষপঞ্জির ব্যাপ্তি ৩৬৫ দিন।



**গ্রেগোরীয় বর্ষপঞ্জি (Gregorian Calendar)**

| দিনসংখ্যা | গ্রেগোরীয় সালের মাস |
|---|---|
